"Capitalism is a pervasive economic method capable not only of humanization but also of regulation in the world interest". But how far it has been so capable in making political democracy a reality is the problem before us.

Why has dictatorship fascinated the people in Jugoslavia, Spain (temporarily), Bulgaria, Greece, (Constitutional monarchy has recently been restored here), Latavia, Austria, in Germany and also in those who are dis-satisfied with parliamentarism ? Dictatorship can be represented as an outcome of militarism and as illustrating the incompatibility of the latter with democracy. Dictatorship as a form of government has got some singularly meritorious virtues but its shortcomings out-balance its merits. So long as milltarism, national fervour, social intolerence and intellectual backwardness endure, there will remain a possibility of constitutional government lapsing into dictatorship and unless the latter quickly makes room for democracy, dictatorship will reproduce the shortcomings which historical experience associates with one-man rule. We have no doubt that, though toying with war, military defeat will seal the fate of dictatorship. By its very nature it is incapable of furnishing an effective solution of the political problems and its appeal will diminish as parliamentarism improves in procedure and administrative mechanism.

The Birth and Development of the Foot-ball.

HARI GOPAL DUTTA.
3rd year Arts.

Foot-ball is a very old game. Some say it was introduced into England by the Romans but another account attributes to the savage ancestors the honour of having invented the game.

During the Danish invasion of England the citizens of Chester captured a Dane and beheaded him. They commenced kicking about in sport the head of their fallen enemy. They decided to commemorate the downfall of their enemy by repeating the performance every year on the anniversary of the event. But a Dane's head was not always available. The shoe-makers of Chester were bound by their Charter to provide "a balle of leather called a foote-balle" for the purpose of an annual match.

Modern foot-ball has been evolved from the parochial games. Formerly foot-ball was played by country-men to keep themselves warm in winter.

> "The sturdy ploughman, lusty, strong, and bold,
> Overcometh the winter with driving the foot-ball ;
> Forgetting labour and many a serious fall"—*Shakespeare.*

In old days, it was a trial of strength between the people of different villages. In a match all the inhabitants of a village turned out to see it. But there is a gulf of difference between a modern foot-ball match and an old one. A large tree, the Churchyard gate or some well-known land-mark served as its goal. The field of play was an area lying between two parties, which were, perhaps, three or four miles apart. Every full-grown man appeared on the field to uphold the honour of his native village, as there was no limit to the number of players. The match started at noon and was continued till sunset. "Shrove-Tuesday was the great day for foot-ball in Merrie England." In those days kicking the ball was not allowed but the rule did not forbid the kicking of one's opponents. To score a goal one had to carry the ball into the opponents' goal without kicking. So, one

might see scenes of violence between the parties. James I of England said that foot-ball was "meeter for laming than making able the users thereof." The Puritans agreed on this point and during the commonwealth the game was suppressed entirely. With the restoration of monarchy foot-ball came in again and in 1681 Charles was present in a foot-ball match that was played between his servants and those of the Duke of Albemarle. From this modern Rugby and association games have evolved. In 1855 the dribbling game began to be played at Cambridge and about the same time the game took root in Sheffield. Two years later, Sheffield could put an eleven into the field to meet the rest of England. The dribbling game became very popular among the public school boys. In 1863 the Foot-ball Association was founded. There were differences of opinion among the various clubs as to the setting of rules. The dribbling players of Cambridge drew up a set of rules to which many conformed. The offside rule, however, prevented a complete union of all the dribbling clubs. In 1867 the present rule was adopted and by 1876 the Association game was played under the same rules all over the country.

Formerly there were eight forwards, two backs and the goal-keeper. Combination then consisted in backing up the dribbler, so as to carry the ball on when he was robbed of it by an opponent. The passing system, however, came in vogue by 1875 and following the example of the Scottish teams, English Clubs were obliged to play two half backs, in addition to two backs, in order to cope with the increased power of the attack, due to the development of combination. With the development of passing the skill of the dribbler of the past was gone. The value of the combining was soon acknowledged and though the skill of the dribbler was marred by it, the standard of foot-ball did not deteriorate.

The first association match against Scotland was played at Glasgow in 1872, the result being a scoreless draw. The following year Oxford and Cambridge met for the first time under the Soccer code, Oxford being victorious. In 1871 the famous Challenge Cup Competition was inaugurated. The Wanderers, now an extinct club, were the first winners of the cup.

There have been many accidents during a foot-ball match and so it is regarded as a dangerous game. But a game which for so many centuries has been attracting and delighting thousands of people must have something to its credit.

বাঙ্‌লা =

সম্পাদক :
শ্রীসন্তোষ মিত্র

জ্ঞাপনী

স্যার আশুতোষ জন্মউৎসবে সভাপতির অভিভাষণ ।০

সম্পাদকীয় ১

বাংলা সাহিত্যের ধারা ৫
—শ্রীঅনুপম দত্ত রায়

মায়া মরীচিকা ৮
—শ্রীবিনয়েন্দ্র লাল মুখোপাধ্যায়

আধুনিক কথা সাহিত্যের গতি ও প্রকৃতি ... ৯
—শ্রীসৌমিত্র শঙ্কর দাশগুপ্ত

আধুনিক বাঙ্‌লা গান ১৪
—শ্রীশ্যামলী সেনগুপ্ত

আশুতোষ জন্মোৎসব ১৯

আশুতোষ স্মরণে ২০
—অধ্যাপক শ্রীযুক্ত বিভূতি ভূষণ ঘোষাল, এম-এ

কল্পনা ২১
—শ্রীসুশীল জানা

দ্বিতীয় বার্ষিক বাঙ্‌লা সাহিত্য সম্মিলনের
সাম্পাদকের নিবেদন ২৩

চিত্র-শিল্পি অবনীন্দ্র নাথ ২৬
—শ্রীঅমিয় মাধব মিত্র ... ...

কাঠের ঘোড়ার সওয়ার ২৯
—শ্রীযূথি রাণী ঘোষ

পাগল ৩৬
—শ্রীশিশির কণা চট্টোপাধ্যায়

স্যার আশুতোষ জন্মোৎসবে সভাপতির অভিভাষণ

সমবেত ভদ্রমণ্ডলী,

আজ আমরা যাঁহার জন্মদিনে যাঁহার উদ্দেশে আমাদের শ্রদ্ধাজ্ঞাপন করিতে সমবেত হইয়াছি, তিনি বাঙ্গালায় ও ভারতবর্ষে এত সুপরিচিত যে, তাঁহার সম্বন্ধে অধিক কথা বলা আমি বাহুল্য মনে করি। কারণ, প্রদীপ জ্বালিয়া কাহাকেও সূর্য্য দেখাইতে হয় না; সূর্য্য আপনার কিরণে আপনি স্বপ্রকাশ।

আপনাদের মধ্যে অধিকাংশই তরুণ এবং সেই জন্য দেশের ও জাতির ভবিষ্যৎ আপনাদের কাজের উপর বহু পরিমাণে নির্ভর করিবে। আপনারা যদি জীবনে আশুতোষের জীবনের শিক্ষা সার্থক করেন, তবে আমাদের সর্ব্ববিধ উন্নতির পথ সুগম হইবে এবং কোন শক্তি আমাদের মুক্তির দ্বার রুদ্ধ করিয়া রাখিতে পারিবে না। আশুতোষের শক্তির উৎস কোথায়? চরিত্রের বল ও আন্তরিকতাই তাঁহার শক্তির উৎস। তিনি আপনার সুখ তুচ্ছ করিয়া বাঙ্গালীকে উন্নতির পথে তাহার জয়যাত্রার পথ প্রদর্শক হইয়াছিলেন। আত্মসুখলাভের চেষ্টা পশুও করে—তাহা মানুষের একমাত্র কাম্য হইলে তাহা মনুষ্যত্ববিকাশের অন্তরায় হয়।

দুর্ব্বল দেহভার বহন করিয়া বিলাসে ও আলস্যে জীবন যাপন করা, চলচ্চিত্রে ও রঙ্গালয়ে যাইয়া যাহা দেখি তাহারই আলোচনা করা, গড়ের মাঠে ফুটবল ম্যাচে উত্তেজনায় চীৎকার করিয়া উদ্যম ও উৎসাহ ক্ষয় করা আমাদিগকে আমাদের অভীষ্ট সিদ্ধির উপায় করিয়া দেয় না।

আমাদিগকে সর্ব্বদাই মনে রাখিতে হইবে—উচ্চতর ও মহত্তর কার্য্যের ভার আমাদের আছে। আজ বাঙ্গালার নবযুগের মহাকবি মধুসূদন দত্তের মৃত্যুদিন। বহুবর্ষ পূর্ব্বে যখন তাঁহার মৃত্যু হয় তখন "বন্দেমাতরম্" মন্ত্রের দ্রষ্টা বঙ্কিমচন্দ্র আমাদের অবনত অবস্থা উপলব্ধি করিয়া ও আশার আলোক দেখিয়া বলিয়াছিলেন :—

"আমাদের ভরসা আছে। আমরা স্বয়ং নির্গুণ হইলেও রত্নপ্রসবিনীর সন্তান। সকলেই সেই কথা মনে করিয়া জগতিতলে আপনার যোগ্য আসন গ্রহণ করিতে যত্ন কর। আমরা কিসে অপটু?"

বঙ্কিমচন্দ্রের উপদেশ আশুতোষে সার্থক হইয়াছিল। বাঙ্গালীর মনুষ্যত্বে দৃঢ় বিশ্বাস ছিল বলিয়াই তিনি ভবিষ্যতে তাহার গৌরবের দীপ্তি চারিদিকে ব্যাপ্ত দুঃখ দুর্দ্দশার মধ্যে দেখিয়াছিলেন—আশাহীন হন নাই, অন্যায় সহ্য করেন নাই, অনাচারের নিকট মস্তক নত করেন নাই। আশুতোষের সহিত পরিচিত হইবার সৌভাগ্য যাঁহারা লাভ করিয়াছিলেন, তাঁহারা এ বিষয়ে একমত যে, তিনি আশুতোষই ছিলেন। তাঁহার দ্বার যেমন অবারিত ছিল, তাঁহার স্নেহ তেমনই প্রচুর ছিল; তিনি বাঙ্গলার হিন্দুর প্রাচীন সামাজিকতার আদর্শ

সমুজ্জ্বল করিয়াছিলেন ; তিনি মিষ্টভাষী ছিলেন। কিন্তু অনাচার তিনি কখনও সহ্য করিতেন না। যে বিশ্ববিদ্যালয়কে তিনি বাঙ্গালীর জাতীয় প্রতিষ্ঠানে পরিণত করিবার উদ্দেশ্য লইয়া—নানা বাধা বিঘ্নের মধ্যেও সেই উদ্দেশ্য সফল করিবার চেষ্টা করিয়াছিলেন, সেই বিশ্ববিদ্যালয়কেই তাঁহার প্রচারমঞ্চ করিয়া তিনি বলিয়াছিলেন—চাই স্বাধীনতা।

তিনি জানিতেন, পরাধীনতায় ত্রাণ। তাই যাহাতে বিশ্ববিদ্যালয়ে আমাদের আশার সম্বল তরুণদিগকে পরাধীনতার শিক্ষায় প্রভাবিত করা না হয়, তাহাই তাঁহার লক্ষ্য ছিল। বিশ্ববিদ্যালয়ের সেবায় যে তিনি অকাতরে আত্মনিয়োগ করিয়াছিলেন তাহার কারণ, তিনি বিশ্বাস করিতেন, সুশিক্ষায় মনুষ্যত্বের উন্মেষ হয় এবং মনুষ্যত্বই মানুষকে মুক্তির সোপানে দেখাইয়া দেয়। জ্ঞানই শক্তি। জ্ঞান যে শক্তিতে মানুষকে শক্তিশালী করে, সে শক্তিকে কেহই পরাভূত করিতে পারে না। তাই ডিশ্‌রেলী বলিয়াছেন—"It had been discovered that the best way to secure implicit obedience was to commence tyranny in the nursery." আশুতোষ তাঁহার দেশের তরুণদিগকে সেই অনাচার হইতে রক্ষা করিতে কৃতসঙ্কল্প ছিলেন। তাই লর্ড লিটন যখন কতকগুলি সর্ত্তে—সরকারের নীতির সমর্থনের প্রতিশ্রুতি দিয়া তাঁহাকে ভাইস্‌চান্সেলারী গ্রহণ করিতে বলেন, তখন তিনি সে প্রস্তাব ঘৃণা সহকারে প্রত্যাখ্যান করিয়াছিলেন। তিনি লর্ড লিটনের পত্র পাইয়া লিখিয়াছিলেন :—

"You have one before you who can speak and act fearlessly according to his convictions.....It may not be impossible for you to secure the service of a sub-servient Vice-chancellor, prepared always to carry out the mandates of your Government and to act as a spy on the Senate. He may enjoy the confidence of your Government, but will certainly not enjoy the confidence of the Senate and the public of Bengal."

এই উক্তির আন্তরিক ভাব আজ আর কাহাকেও বুঝাইয়া দিতে হইবে না। আশুতোষ—বাঙ্গলার আশুতোষ—বাঙ্গালীর আশুতোষ আজ আর আমাদের মধ্যে নাই ; কিন্তু তাঁহার অমর বাণী আজ এই মরলোকে ধ্বনিত—প্রতিধ্বনিত হউক—"Speak and act fearlessly according to your convictions."—যাহা সত্য বলিয়া বুঝিবে নির্ভয়ে তাহা বলিবে ও তদনুসারে কাজ করিবে।

আজ তাঁহার জন্মদিনে আমি আপনাদিগকে সেই কথাই বলিতেছি—যাহা সত্য বলিয়া বুঝিবেন, নির্ভয়ে তাহা ব্যক্ত করিবেন, নির্ভয়ে তদনুসারে কাজ করিবেন।

শ্রীশরৎচন্দ্র বসু

আশুতোষ কলেজ ম্যাগাজিন

দ্বাদশ বর্ষ, দ্বিতীয় সংখ্যা

জ্যৈষ্ঠ, ১৩৪৩

সম্পাদকীয়

বৈশাখের প্রথম প্রভাতে—

প্রদীপ্ত এক ঝলক আলোর মতো আমাদের সম্মুখে নব-বর্ষের আবির্ভাব হয়। অকস্মাৎ আবিষ্কার করি মহানগরের পথে-পথে, গৃহ-শিখরে, ধূম ও ধূলিমলিন আকাশে নূতনত্বের আভাষ! পথের স্বপ্ন ভাঙিয়া সত্যই একদিন দেখি অসীমের দূত হইয়া যে দিন-রাত্রিগুলি আসিয়াছিল—কখন তাহারা অস্ত গিয়াছে! আমাদের গৃহ-দ্বারে আসিয়াছে একটি পুষ্পপল্লবিত প্রভাত নূতন স্বপ্ন-সম্ভার লইয়া! আনন্দে আমরা তাহারই উদ্দেশ্যে মাথা নত করি!···

কিন্তু এই শুভক্ষণে মনে পড়ে—আমাদের দুই হাত কর্ম্মক্লান্ত, জীবন প্রয়োজনে সর্ব্বস্ব!···তবু—এই নবাগত অরুণ-শ্রী প্রভাতটিকে আমরা ভুলিতে পারি না!···জীবন-মরণ, সুখ-দুঃখ, ব্যথা-ব্যর্থতা অতিক্রম করিয়া শুভাশুভের সূচী লইয়া প্রতিটি মানুষের বুকে তাহার সানন্দ বিচিত্র সুর বাজিয়া উঠুক, অশুভ থাকুক দূরে—বহুদূরে!

আজ প্রার্থনা করি—পৃথিবী মধুময় হোক, জীবন সুন্দর হোক, প্রেম পবিত্র হোক।

পরলোকে রাজেন্দ্রনাথ মুখোপাধ্যায় :

আমাদের দেশকে বৃহৎ একটি দারিদ্র্য-ক্লান্ত সংসার বলিয়া মনে হয়! এদেশের অগণিত নর-নারী দারিদ্র্যের আঘাতে আঘাতে জীবনে প্রতিষ্ঠালাভ করিতে পারে না সত্য,—তবু মনে হয় আমাদের মধ্যে বুঝি কল্পনা ও আকাঙ্খার সহিত দৃঢ় ইচ্ছাশক্তির সংযোগ ঘটে নাই! ইচ্ছা যেখানে প্রবল, প্রতিষ্ঠা সেখানে অনিবার্য্য,—এই চিরন্তন সত্য-বাণী। কিন্তু আমাদের মধ্যে চেষ্টা ও নিষ্ঠা যেন বিচ্ছেদ-ব্রতী! ইহা আমাদের জাতীয় চরিত্রের দুর্বলতা।

কর্ম্মবীর রাজেন্দ্রনাথের জীবনে তাহার ব্যতিক্রম ঘটিয়াছে। একটানা বাঙালী জীবনের ইতিহাস-পৃষ্ঠায় ইহা একটি দৃষ্টান্ত স্বরূপ। যে অনন্ত সাধারণ বুদ্ধি এবং অধ্যাবসায়ের বলে তিনি সমাজ, শিল্প এবং রাজনীতি ক্ষেত্রে, কেবলমাত্র দেশে নয়, বিদেশেও প্রতিষ্ঠা লাভ করিয়াছিলেন তাহা বাঙালীর জীবন-সংগ্রামে শক্তি এবং প্রেরণা দান করিবে।

১৮৫৪ খৃষ্টাব্দে বাঙলার এক অখ্যাত পল্লীতে, দরিদ্র এক ব্রাহ্মণ পরিবারে রাজেন্দ্রনাথ জন্মগ্রহণ করেন। শৈশবে তাঁহার পিতা মারা যান। আত্মীয় স্বজনের উপর নির্ভর করিয়া তিনি বিদ্যাশিক্ষা আরম্ভ করেন, এবং তাহা অসম্পূর্ণ রহিয়া যায়! কিন্তু প্রেরণা যাহার মধ্যে নিরঙ্কুশ সমুদ্র স্রোতের মতো ও বন্ধনহীন, কল্পনা তাঁহার বাস্তব রূপ। তাই, রাজেন্দ্রনাথের মধ্যে আমরা মনুষ্যত্বের সমগ্র প্রস্ফুরণ দেখিতে পাই।

সামাজিক এবং ব্যক্তিগত জীবনেও রাজেন্দ্রনাথ ভদ্র এবং নিরহঙ্কার ছিলেন। তাঁহার অসাধারণ চরিত্র-বৈশিষ্ট্যকে আমরা কেবলমাত্র সুরেন্দ্রনাথের সহিত তুলনা করিতে পারি। সুদীর্ঘ জীবনের প্রতিটি দিন-রাত্রি যান্ত্রিক গতিতে তিনি কর্ম্মের মধ্যে বিলাইয়া দিতেন। কিন্তু তাহা একমাত্র ব্যক্তিগত স্বার্থের জন্য নয়—দেশের জন্য, দরিদ্রের জন্য।

সেই প্রতিভাবান্ মনীষীর মৃত্যু হইল!

আমরা তাঁহার পবিত্র স্মৃতি-উদ্দেশ্যে শ্রদ্ধাঞ্জলী উৎসর্গ করিতেছি।

শ্রীরামকৃষ্ণ শত-বার্ষিকী :

বহু সাধকের বহু সাধনার ধারা যাহার ধ্যানে মিলিত হইয়া আমাদের হৃদয়ে নব-নব শক্তি ও আনন্দ আনিয়াছে—আজ সেই নব-দেবতাকে বিশ্বজনের সহিত শ্রদ্ধানত শিরে প্রণাম করিতেছি!

ঈশ্বরকে প্রত্যক্ষভাবে উপলব্ধি করিবার যে শক্তি তাহা একমাত্র রামকৃষ্ণের সংস্পর্শে আসিয়াই আমরা খুঁজিয়া পাইয়াছি। তাঁহার আদর্শ ও চিন্তা সংখ্যাতীত ঈশ্বর-সন্ধেহী নর-নারীর চিত্তে শুধু শক্তি নয়—দিয়াছে পরম শান্তি!

বস্তুতঃ রামকৃষ্ণের জীবন শান্তি-মন্ত্রেরই মূর্ত্ত প্রকাশ।

আজ দেশে-বিদেশে তাঁহার শত-বার্ষিকী-উৎসব হইতেছে। তাঁহার জীবনে, সীমা এবং অসীমের লীলা-পথে পৃথিবীতে নূতন তীর্থের সৃষ্টি হইল। আজ সমগ্র-বিশ্ব সেই মহামানবের স্মৃতি পূজা করিতেছে।

কিছুদিন পূর্ব্বে আমাদের বিদ্যালয়ে এই উৎসব অনুষ্ঠিত হয়। কলিকাতা বিশ্ববিদ্যালয়ের অধ্যাপক শ্রীযুক্ত জয়গোপাল মুখোপাধ্যায় সভাপতির আসন গ্রহণ করেন। সভায় আমাদের অধ্যাপক শ্রীযুক্ত জ্যোতিষ বন্দ্যোপাধ্যায়, শ্রীযুক্ত হরিমোহন ভট্টাচার্য্য, বেলুড় মঠের স্বামী সত্যানন্দ প্রভৃতি বক্তৃতা করেন। তাঁহারা বলেন,—আজ আমাদের শিক্ষাকে প্রাণহীন ব্যর্থ বলিয়া মনে হয়! কারণ, আমাদের এই পুঁথিগত শিক্ষা আদর্শ শিক্ষা নয়। আধ্যাত্মিক শিক্ষায় মনুষ্যত্বের সম্পূর্ণতা। মানুষ শুধু দৈহিক-দাবীর পূর্ণতাতেই সন্তুষ্ট নয়, আত্মার পরিতৃপ্তও সে চায়। কিন্তু পৃথিবী আজ শান্তিহীন, আত্মা অশান্তিতে কলুষিত। মুসোলিনী বা হিটলার দেশের জন্য যতোই চীৎকার করুন, তাঁহারা কিছুতেই শান্তি প্রতিষ্ঠা করিতে পারিবেন না যতক্ষণ পর্য্যন্ত পরস্বাপহরণ প্রবৃত্তি দূর না হইবে। সমস্ত জাতিই এই অপরাধে অপরাধী। শান্তি বিরাজ করিতেছে বুদ্ধের, যীশুর, রামকৃষ্ণের আদর্শে। শুধু নীরব সাধনার মধ্য দিয়া মানুষ শান্তি লাভ করিতে পারে।

আমাদের দেশ শান্তির দেশ। মুনি, ঋষি, মহাপুরুষদের দেশ। আমাদের ধমনীতে তাঁহাদেরই রক্ত কল্লোলিত। সুতরাং আমরা যেন স্মরণ রাখি তাহাদের শান্তি-বাণী! আত্মিক উন্নতির সঙ্গে-সঙ্গে আমাদের জীবন, আমাদের পৃথিবী শান্তিতে ভরিয়া উঠুক!

আশুতোষের জন্মোৎসব :

'মহামানবের সাগরতীর' আমাদের এই দেশে বহু মনীষীর আবির্ভাব হইয়াছে। আমরা তাহাদের ভুলি নাই। ব্যথা ব্যর্থতার মধ্যেও আমরা তাঁহাদের স্মরণ করি। ভারতীয় চরিত্রের এটি সৌন্দর্য্য এবং সাধনা মহত্ত্ব ও মনুষ্যত্ব প্রতিষ্ঠার।

আশুতোষ আমাদের মধ্যে আসিয়াছিলেন পতিত জাতির উদ্ধারের জন্য। শিক্ষাই জাতির সভ্যতা এবং ঐশ্বর্য্য। আমাদের শিক্ষার ধারা যখন বিপথমুখী ভারতের সেই পরম সঙ্কটময় মুহূর্ত্তে তাঁহার আবির্ভাব। এই প্রাণহীন, মরুময় শিক্ষাধারার পরিবর্ত্তনের সঙ্গে সঙ্গে তিনি জাতিকে নবজীবনের পথে চালিত করিয়াছিলেন। আজ তাঁহার অদেশ মৃত্যু-স্মরণী দিনে প্রণাম করি মানত শিরে।

[উনিশ পৃষ্ঠায় দ্রষ্টব্য]

পরলোকে ম্যাক্সিম গর্কী :

রুশিয়ার অন্যতম শ্রেষ্ঠ সাহিত্যিক ম্যাক্সিম গর্কী পরলোক গমন করিয়াছেন। জীবনে তিনি অনেক নিষ্ঠুর ও তিক্ত অভিজ্ঞতা সঞ্চয় করিয়াছিলেন, তাই গর্কী (তিক্ত) নামধারণ তাঁহার সার্থক হইয়াছিল। তাঁহার বাল্য-জীবনের ইতিহাস বড়ো করুণ ও মর্ম্মস্পর্শী। তাঁহার সাহিত্যিক জীবন আরম্ভ হয় মস্কোতে। সমস্ত দিন তিনি রুটি বিক্রী করিতেন, রাত্রিতে বস্তিতে ফিরিয়া লিখিতে বসিতেন। এখানেই তিনি তাঁহার অন্যতম শ্রেষ্ঠ উপন্যাস 'ছাব্বিশ আর এক' রচনা করেন। এই সমস্ত শুষ্ক, কঠোর জীবনই তাঁহার কবিত্ব পূর্ণ লেখায় আছে, সুন্দর, সরস হইয়া উঠে। কল্পনার সোনার কাঠির স্পর্শে তিনি এই কদর্য্য জগৎকে স্বর্গলোকের রূপকথার দেশে পরিণত করিয়াছেন। পয়সা থাকিলে তিনি তাঁহার 'বেসাকি' (নরপশু)—অর্থাৎ অজ্ঞ ও দরিদ্র বন্ধুদের লইয়া ফূর্ত্তিতে কাটাইতেন,—ফুরাইয়া গেলে জেটিতে কিংবা রাস্তায় শুইয়া শীতে কাঁপিতেন।

—এমনি করিয়া তাঁহার তরুণ জীবন কাটিয়াছিল। মানুষ যখন থাকে কোনঠাসা, সুন্দর—তখন তিনি হইয়া উঠিলেন নিষ্ঠুর, নির্ম্মম। তার জীবনের স্বর্ণ-পাত্রটি দুঃখের তিক্ত সুরায় ভরিয়া উঠিল।

তাঁহার স্বর্গত আত্মাকে প্রণাম করি।

বাংলা সাহিত্যের ধারা

[পূর্ব্বানুবৃত্তি]

শ্রীঅনুপম দত্ত রায়

এইবার নাটকের কথা বলিব।

গদ্যসাহিত্য, পদ্যসাহিত্য ও সঙ্গীতের যথোপযুক্ত সমন্বয়ে নাটকের উদ্ভব। 'সীতার বনবাস' ও 'কাদম্বরী' যুগের নাটক, 'অভিজ্ঞানশকুন্তল' মূল সংস্কৃত নাটকের প্রতিচ্ছবি। মধুসূদনের অবতরণের সঙ্গে সঙ্গে রঙ্গমঞ্চ অন্যরূপ ধরিল। পৌরাণিক নাটকের শিক্ষাপ্রদ ক্ষমতা যতই হ্রাস পাইতে লাগিল, সামাজিক নাটকের চাহিদা ততই বাড়িয়া চলিল। 'সধবার একাদশী' 'সংসার' 'প্রফুল্ল'র দর্শক 'জনা' 'পাণ্ডব গৌরবে' বীতস্পৃহ হইল। ক্ষীরোদপ্রসাদের 'প্রতাপাদিত্য' নব আদর্শ হইয়া দ্বিজেন্দ্রলালের ঐতিহাসিক নাটককে মনোরম করিয়া তুলিল। নাট্যজগতে দ্বিজেন্দ্রলালের দান অনন্যসাধারণ। জাতি ও সাহিত্যের পরিপুষ্ট পথে, স্বাধীন দেশ হইতে প্রত্যাগত সাহিত্যিক পূর্ণ উদ্যমে আপনাকে নিঃশেষিত করিতে লাগিলেন। তখনকার 'সাজাহান' 'মেবার পতন' 'চন্দ্রগুপ্ত' আজিও জীবনে নব রসের সঞ্চার করে। তারপর কবি সম্রাটের হস্তে নাটকের রূপান্তর ঘটিল। 'মুক্তধারা' 'রক্ত করবী' 'তপতী' উচ্চ আদর্শে অনুপ্রাণিত নূতন যুগের নাটক।

নাটকের কথা বলিতে বলিতে রাষ্ট্র সাহিত্যের কথা মনে পড়িয়া যায়। পরাধীন জাতির রাজনীতির কোন বিশিষ্ট রূপ নাই; পূর্ণ স্বাধীনতাই তাহার চরম ও পরম উদ্দেশ্য। স্বাধীন আবহাওয়ায় শিক্ষিত সিভিলিয়ান্ রমেশ দত্ত, বাঙ্গালী জাতির বিশেষ কোন রাজনৈতিক লক্ষ্য নাই দেখিয়া অতীত মহারাষ্ট্র গৌরব কাহিনী মন্থন করিয়া 'জীবন প্রভাত' 'জীবন সন্ধ্যা' প্রভৃতি রচনা করিলেন; আশা—'বঙ্গ বিজেতা' দেখিয়া বাঙ্গালী আপন সত্তা উপলব্ধি করিবে। সেই পথে সঙ্গে করিয়া নামিয়া আসিলেন, অক্ষয় মৈত্রেয় ও নিখিল নাথ রায় তাহাদের সত্য ভাবনের পূর্ণ প্রতীক 'সিরাজউদ্দৌলা' ও 'প্রতাপাদিত্য'। সাহিত্যে জাতি জাগরণের পন্থা আবিষ্কৃত হইল।

এই সদ্যজাগ্রত রাষ্ট্র চৈতন্য, তখনকার সুধী মণ্ডলীর অমর লেখনীতে সঞ্চারিত হইল। 'নীল দর্পণের' মর্ম্মন্তুদ কাহিনী অত্যাচার পীড়িত দেশবাসীর দুরবস্থা সমুজ্জ্বল আলোকে প্রতিভাত হইল। 'স্বাধীনতা হীনতায় কে বাঁচিতে চায় রে, কে বাঁচিতে চায়?' রঙ্গলালের তীব্র হৃদয় বেদনারই পরিচায়ক। বিস্মৃতির পথে 'মোহনলাল' নবীনের হাতে নূতন রূপ

পাইল। তূর্যনিনাদে হেমচন্দ্র 'ভারত সঙ্গীত' গাহিয়া উঠিলেন; ইলবার্ট বীল উপলক্ষে 'গেল রাজা গেল মান, ডাকিল ইংলিশম্যান্', সরকারী ব্যবহারজীবেরই উপযুক্ত ঘোষণা। এক হস্ত পরিমিত কালো মেঘ যখন সমুদয় ভারতগগন আচ্ছন্ন করিল, 'কালবৈশাখী'র রবীন্দ্রনাথ তখন প্রতি নিশ্বাসে বাংলার অট্টালিকা হইতে কুটীর পর্য্যন্ত আলোড়িত করিলেন। সত্যেন্দ্রনাথ, নজরুল, বিজয়লাল প্রভৃতির ভাবরাশি আবাল-বৃদ্ধ-বনিতায় সংক্রামিত হইল।

এই রাষ্ট্র জাগরণের মূলে ছিল ধর্ম্মবিপ্লব। বাংলার দুর্দ্দান্ত সন্তান, বিজয় সিংহের বৌদ্ধধর্ম্ম গ্রহণের পরে, বৌদ্ধভাব ধর্ম্মে, রাষ্ট্রে, সাহিত্যে প্রতিপালিত হইতে লাগিল। শঙ্করাচার্য্যের আগমনের সঙ্গে সঙ্গে নূতন স্রোত বহিলেও, সাহিত্যে বৌদ্ধ প্রভাব রহিয়া গেল। আধুনিক সাহিত্যের উহাই মূল ভিত্তি। তারপর স্রোত যখন মন্দীভূত হইয়া আসিল, রামমোহনের বিরাট প্রচেষ্টায় শুষ্ক স্রোত গতিশীল হইয়া কেশবচন্দ্র, বিজয়কৃষ্ণ প্রমুখ ধর্ম্মপ্রচারকগণের সহযোগিতায় ব্রাহ্মসাহিত্যে ভরপুর হইয়া উঠিল। অপর দিকে শুদ্ধ-বুদ্ধ-মুক্ত-প্রাণ রামকৃষ্ণের দীক্ষায় নরেন্দ্র মুখর হইয়া উঠিলেন। বেদান্তের পরিচয়ের মধ্যে সকল সমস্যার সমাধান হইতে লাগিল।

যুগগুরু রামমোহনের পর এতবড় মহামানব ভারতের মুক্তি সাধনায় দেখা যায় নাই। সর্ব্বত্যাগীর উচ্চতম আদর্শে অনুপ্রাণিত দেশ রাজনীতি, সাহিত্য, ধর্ম্ম কর্ম্ম সকলদিকেই প্রকৃষ্ট পথ দেখিতে পাইল। তাঁহার অপরিমেয় ব্যক্তিত্ব সাহিত্যে নবযুগের প্রবর্ত্তনা করিল। 'রাজ যোগ' 'জ্ঞান যোগ' 'কর্ম্ম যোগ' প্রভৃতির ভাবরসে পুষ্ট ভাষা, 'বর্ত্তমান ভারতের' তেজস্বিতায় বক্তা ও সাহিত্যিকগণের ভাবপ্রকাশের একটা সুনির্দ্দিষ্ট দিক দেখাইয়া দিল।

বঙ্গভাষার বিভিন্ন দিকের পরিপুষ্টির দিনে, বাঙ্গালী বৈজ্ঞানিকগণ নিশ্চেষ্ট থাকিতে পারিলেন না। অথর্ব্ববেদ মন্থন করিয়া আচার্য্য প্রফুল্লচন্দ্র যখন ইংরাজিতে 'হিন্দু রসায়নের ইতিহাস' লিখিলেন, আচার্য্য জগদীশ চন্দ্রের 'অব্যক্ত' তখন সাহিত্যক্ষেত্রে নূতন আলো আনিল। সেই আলোকের শিখায় জ্বলিয়া উঠিল জগদানন্দ রায়ের 'বৈজ্ঞানিক দীপালী।' প্রাথমিক শিক্ষায় বোষ মহাশয়ের 'স্বাস্থ্য তত্ত্ব', মহেশানন্দ ও বসু মহাশয়ের 'বিজ্ঞান রীডার' শিশু মস্তিষ্কে বিজ্ঞান প্রচারের শুভ উদ্যম। আজ সুন্দরী মোহন দাসের 'বৃদ্ধ ধাত্রীর রোজ-নামচা' রামদাস মুখোপাধ্যায়ের 'প্রসূতি পরিচর্য্যা' নরেন্দ্র লাহার 'পাখীর কথা' প্রভৃতি অপূর্ব্ব রচনা দেখিলে প্রাণ ও মন পুলকে ভরিয়া উঠে। আচার্য্য শীল, আচার্য্য রায়, আচার্য্য বসু প্রভৃতি মহাপুরুষগণের নেতৃত্বে তাঁহাদের যোগ্যতম ছাত্র ও আবিষ্কারকগণের অভিযানে বিজ্ঞান সাহিত্যের যে প্রদেশ পরিচিত ও আবিষ্কৃত হইয়া উঠিতেছে, অচিরে তথায় ভাষার অদ্ভুত দিক উদ্ভাসিত হইবে। বিজ্ঞানে উপযুক্ত পরিভাষা সঙ্কলনের জন্য মেঘনাদ সাহা, পঞ্চানন নিয়োগী প্রভৃতি মনস্বিগণের আপ্রাণ চেষ্টা সফল হইয়া উঠিলেই, পৃথিবীর সাহিত্যে বাংলা নিঃসন্দেহে প্রথম স্তরে উঠিবেই উঠিবে।

এই প্রসঙ্গে সাংবাদিকের কথা না বলিলে মহাযজ্ঞের এক সম্প্রদায় হোতার প্রতি অবিচার করা হয়। 'কে বলে ঈশ্বর গুপ্ত ব্যপ্ত চরাচরে; তাহার প্রভায় প্রভা পায় প্রভাকরে', ঈশ্বর গুপ্তের এই শুভ বাণী আজ সত্যই সার্থক।

'প্রভাকর' 'বঙ্গদর্শন' প্রভৃতি পত্রিকার পর বার্ষিক, ত্রৈমাসিক, মাসিক, পাক্ষিক, সাপ্তাহিক ও দৈনিক কত পত্রিকাই বাংলার সাহিত্যাকাশে দীপ্তিমান। গণতান্ত্রিকতার যুগে, গণশিক্ষার সহায়ক পত্রিকার উদ্ভব, জাতীয় অভ্যুত্থানের প্রকৃষ্ট নিদর্শন। বিবিধ বিষয়ের আলোচনায় বিভিন্ন শ্রেণীর ভাবুকতার সমাবেশে যোগ্যতম সাবধির পরিচালনায় পত্রিকা দিগম্বরী হইয়া উঠিতেছে। সুদূর পল্লীর কুটিরাভ্যন্তরে, 'প্রবাসী', 'বসুমতী', 'ভারতবর্ষ', 'বিচিত্রা', 'আনন্দবাজার', 'দেশ' প্রভৃতি দেখিলে এমন বঙ্গবাসী নাই, যাহার হৃদয় উৎফুল্ল হয় না। সহরের সহিত পল্লীর সংযোগসূত্রে নাড়ীর স্পন্দন অনুভব করি।

দ্রষ্টব্য ঃ লেখকের মতের সঙ্গে অনেক জায়গায় আমাদের মতের মিল নাই।—সঃ।

মায়া-মরীচিকা

শ্রীবিনয়েন্দ্রলাল মুখোপাধ্যায়

আজি মোর জীবনের মলিন প্রদোষে
ভাবি বসে বসে—
পৃথিবীর রাত্রি-দিন, লতা-ফুল, অন্ধ-ছায়া, আলো
—কেহ মোরে বাসে নাই ভালো!

বাতাস দিয়াছে মোরে ফাঁকি, আকাশ গিয়াছে সরি' দূরে
আমি একা পড়ে আছি পৃথিবীর স্থির-অন্তঃপুরে!
...অনন্ত এ পৃথিবীর মানুষের ভুলাবার কোথা কিছু নাই
জগতের সুপ্ত গাঢ় অন্ধকার তলে
আপন আকাঙ্ক্ষা ভারে আশা-দীপ নিশিদিন জ্বলে!
—ভাবি শুধু তাই—!

হায়!
উদগ্র বুভুক্ষা-ভরা মানুষের জীবন বেলায়
আছে শুধু ব্যথাহত নিরাশার করুণ নিঃশ্বাস,
চকল-কুহেলি-ঘেরা জগতের লাবণ্য-বিলাস,—
তৃষিত প্রাণের মাঝে মরুভূর মায়া-মরীচিকা
আছে শুধু লিখা!

শ্রীবিনয়েন্দ্রলাল মুখোপাধ্যায়,
দ্বিতীয় বর্ষ, সাহিত্য।

আধুনিক কথা-সাহিত্যের গতি ও প্রকৃতি

শ্রীসৌমিত্রশঙ্কর দাশগুপ্ত
চতুর্থ বার্ষিক শ্রেণী—সাহিত্য বিভাগ

[পুরস্কার প্রাপ্ত প্রবন্ধ]

পরিবর্তনশীল জগৎ। তাই আজ যেটা আমাদের কাছে অত্যাশ্চর্য্য, কালই সেটা আমাদের কাছে হয় অতি সাধারণ—আজ যাকে আমরা বলি অতি আধুনিক, কালই সেটাকে আমরা এড়িয়ে যাই উপেক্ষার ছলে—যা একবছর আগেও আমরা দেখে বিস্মিত হয়েছি, আজ হয়তো আমরা সেটাকে দেখি অবজ্ঞার দৃষ্টি দিয়ে! কাল যা নিয়ে আমরা সুখী ছিলাম, আজ তা নিয়ে আমরা সুখী নই; কিন্তু সাহিত্যে এ ধরণের পরিবর্ত্তন ঘাঁটে না,—কারণ জীবন ও সমাজের সঙ্গে তার সম্পর্ক চিরন্তন। তাই আজও বাল্মীকির রামায়ণ আমাদিগকে মুগ্ধ করে, তাই কালিদাসের কাব্য আমাদের কাছে অমূল্য সম্পদ্—শুধু আমাদের কাছে নয়,—চিরকালের জন্য রসলোকে থেকে যাবে তার চিরস্থায়ী আসন। এ সাহিত্য চিরদিনকার।

ভাবপ্রবণ বাঙ্গালী জাতির জীবনে কবিতার সুরটি খুবই পরিচিত। বাঙ্গলা সাহিত্যের ইতিহাসের পাতা ঘাঁটলে দেখা যাবে বাঙ্গলায় প্রথমে কবিতারই ছিল প্রাধান্য। কৃত্তিবাস ও কাশীরাম দাসের রামায়ণ ও মহাভারত, বৈষ্ণব কবিতা, কবিকঙ্কণের চণ্ডী, এসব নিয়েই বাঙ্গলা সাহিত্যের ভাণ্ডার ছিল পূর্ণ। তারপর কিছুকাল আমাদের সাহিত্য হোল প্রাণহীন—গতিহীন। সাহিত্যে আবার নবজীবন এল। মাইকেল মধুসূদন আনলেন কাব্য-সাহিত্যে নতুন প্রাণ;—আর গদ্য সাহিত্যের মরা গাঙ্গে বাণ ডাকালেন আমাদের বঙ্কিমচন্দ্র। তারপর বিশ্বকবি রবীন্দ্রনাথ ও কথাশিল্পী শরৎচন্দ্র কাব্য-সাহিত্যে ও কথা-সাহিত্যে যে আভিজাত্য আনলেন তা' বাঙলা-সাহিত্যের-ভাণ্ডারে হোয়ে রোল নিত্যকালের সামগ্রী।

রবীন্দ্র, শরৎ পরবর্ত্তী যুগে বাঙ্গলা সাহিত্যে একটি নতুন ভাবধারার বন্যা বয়ে চলেছে। যাঁরা প্রাচীন-পন্থী তাঁদের নিয়ে কোন কথাই বলার দরকার নেই। যাঁরা প্রাচীন প্রভাব মুক্ত অর্থাৎ যাঁরা এই নতুন যুগের পথ-প্রদর্শক, বলবো তাঁদের সম্বন্ধেই।

বর্ত্তমান সাহিত্য জগতে এমন কয়েকজন লেখকের আবির্ভাব দেখতে পাই, যাঁরা সাহিত্য জগতে একটি নতুন কিছু সৃষ্টি কর্ত্তে চান, অথচ যাঁদের ভাবধারা আমাদের দেশের ভাবধারার সঙ্গে সম্পূর্ণ খাপ খায় না। এই নব্য-পন্থীদের লেখায় য়ুরোপীয় প্রভাবের আধিক্য দেখতে পাই; এবং সেই প্রভাবেই তাঁদের চরিত্র চিত্রণ, সমাজ জীবন চিত্রণ প্রভাবান্বিত। তাঁরা ঠিক সেই রকম সামাজিক জীবনের সঙ্গে বাঙ্গালীর সামাজিক জীবনকে খাপ খাইয়ে নিতে চান—সেইটেই তাঁরা করতে চান আদর্শ, তাই বাঙ্গলা সাহিত্যে এমন একটি যুগের সৃষ্টি হয়েছে যে যুগ আপনাকে কেন্দ্র করেই নতুন কিছু সৃষ্টি কর্ত্তে ব্যস্ত।

নতুন সাহিত্যিকদের বিরুদ্ধে যথেষ্ট আন্দোলনও চলছে এবং এ আন্দোলনে কবিগুরু

রবীন্দ্রনাথ থেকে আরম্ভ করে অনেকেই সাড়া দিয়েছেন। সমাজ চিররক্ষণশীল, তাই সমাজও বেঁকে বসেছে। সমাজের উপর সাহিত্যের প্রভাব গভীর ও ব্যাপক। সাহিত্যের আভিজাত্য ও উৎকর্ষের উপর জাতীয় জীবন অনেকটা নির্ভর করে। জাতিকে নব নব চিন্তাধারা দ্বারা সাহিত্য একটা কর্মপ্রেরণা এনে দেয়, যাতে জাতি শক্তিশালী হ'য়ে ওঠে, যাতে জাতির মনুষ্যত্বের সাধনা সফল হয়। লোকমনের উপর সাহিত্যের প্রভাব খুবই প্রবল, কাজেই সমাজের শুভাকাঙ্ক্ষীরা বর্তমান সাহিত্যের শত্রু হ'য়ে দাঁড়িয়েছেন। এখেকে "সমাজ সংস্কারকরা বিদ্রোহী হন পঙ্কোদ্ধারের সাধুসঙ্কল্পে।" নতুন জিনিষের সৃষ্টি পরিবর্তনশীল জগতে একটা বড় কথা নয়—নতুনের সৃষ্টি হওয়া সাহিত্য জগতে খুবই বাঞ্ছনীয় কিন্তু যেটা সৃষ্টি হ'লো তা'র ফল ভাল হবে না মন্দ হবে, সেটার প্রয়োজন সাহিত্য জগতে আছে কি নেই, এটাও তো দেখতে হবে। নতুন সৃষ্টি স্থায়ী হবে কি না, তাতে গভীরতা আছে কি নেই, এটাই হলো বিচার্য্য। ডক্টর শ্রীকুমার বাবু একটা প্রবন্ধে বলেছেন—"The prevailing tendency is a feverish attempt to discover new veins without sufficiently caring whether the new vein has depth enough for the exhaustive treatment of a novel."

সত্যই নতুন-পন্থীদের উপন্যাসে গভীরতার ছাপ বড় পাওয়া যায় না। তবে, এই লেখকদের প্রকাশ-সৌন্দর্য্য অস্বীকার করি না ; এঁরা যে ভাষায় একটি নতুন ছন্দ ও সাহিত্য এনে দিয়েছেন তাও অস্বীকার করি না, কিন্তু আর্টের স্বাধীনতার প্রশ্রয় নিয়ে তাঁরা যে উচ্ছৃঙ্খল সমাজনীতির, আবরণবিহীন কদর্য্যতার, ভোগলালসাময় জীবনের শিল্প রচনায় গা ঢেলে দিয়েছেন তাতে আশঙ্কা হয়, কারণ তাঁদেরই অনুকরণে যে অসংখ্য সাহিত্যিকের জন্ম হচ্ছে তাঁরা যেন সাহিত্যের হাওয়াকে বিষিয়ে তুলছেন। এ আয়োজনে যাঁরা লেগেছেন তাঁদের কাজটি যে খুব কুৎসিৎ তাতে মোটেই সন্দেহ নেই। এই কাজে তাঁরা ক'জনের কাছে সাময়িক সুখ্যাতি পেতে পারেন কিন্তু এই যে তাঁরা রচনা করছেন এর ভবিষ্যৎ চিরস্থায়ী নয়।

আজকাল সাহিত্যে realism-এর ধুয়ো উঠেছে। কথা হচ্ছে 'realism' কি? তা' নিয়ে তো বাজে জিনিষকে সাহিত্য বলে মেনে নেব না। শরৎবাবু নারীচরিত্রকে বাস্তবের চোখে দেখেও তাকে শ্রদ্ধা করতে পেরেছেন। তাই তিনি যখন চিরনাঞ্ছিতা নারীচরিত্র চিত্রণ করেন, তখন তাঁর চিত্রিত 'নারী'র প্রতি আমাদের মন সহানুভূতিতে ভরে' ওঠে, শ্রদ্ধায় মাথা নত হয় মাঝে মাঝে মন বিদ্রোহী হ'য়ে ওঠে দেশের লাঞ্ছনাভিশপ্তা নারীজাতির দুর্দশার কথা ভেবে। এরকম বাস্তবতার দৃষ্টির প্রয়োজন আছে এবং তার প্রতি শ্রদ্ধার প্রয়োজন আছে। উচ্ছৃঙ্খল পতিতার জীবনের ভেতরেও তিনি একটা সুন্দর ভাব এনেছেন—তাই তাঁর চরিত্র সৃষ্টি তাকে অমর করে রাখবে। তিনি বাস্তবের ভেতরেই এমন একটা কিছুর আবিষ্কার করেছেন যা চোখের সামনে চিরসত্য প্রকাশ করছে।

স্বনামখ্যাত ব্যক্তির কথায় বলি ; "অবিমিশ্র বাস্তবতা-বন্ধ্যা"— শুধু এর দ্বারা সাহিত্য

বড় হয়না। Prof. Hudson-এর কথায় বলতে গেলে "Realism must be kept within the sphere of art by the presence of the ideal element." যে জিনিষটা যে রকম আছে তাকে ঠিক সেখানে সে রকম ভাবে দেখান অর্থাৎ যে জিনিষটা সাহিত্যের ভেতরে আনা উচিত নয় সেইটেই বর্ত্তমান সাহিত্যিকেরা সাহিত্যে আনতে চান। মানুষের দেহতত্ত্বের চেয়ে পশুতত্ত্বই তাঁদের কাছে সত্য হ'য়ে দাঁড়িয়েছে।

রবীন্দ্রনাথ এক জায়গায় বলেছেন, 'বিজ্ঞান পুরুষ, সাহিত্য নারী'। বিজ্ঞান বল্‌বে সহজ সত্য কিন্তু সাহিত্য সহজ সত্য বল্‌লে সেটা সাহিত্য হ'লো না। সাহিত্য কল্পনা-প্রসূত; সেখানে সাধারণ ব্যাপার নিয়ে নাড়াচাড়া করলে সাহিত্য অনেকটা বাধা পায়। নিছক বাস্তবতাতে দৃষ্টি নিবদ্ধ ক'রলে অর্থাৎ অতিমাত্রায় বস্তুবিলাসী হ'লে শিল্প-প্রতিভা অনেকটা পঙ্গু হয় সন্দেহ নেই। বিজ্ঞান তথ্যের ভিতর দিয়ে সত্যের সন্ধান করে কিন্তু সাহিত্য রসের উৎস খোঁজে হৃদয়ে। সাহিত্যের সঙ্গে হৃদয়ের যোগ না থাকলে সে সাহিত্য সৃষ্টির কোন সার্থকতা নেই।

মানি বাস্তব জগৎ সত্য—কিন্তু যা'কে যেমন ভাবে দেখেছি তা'কে ঠিক তেমন ভাবেই প্রকাশ কর্ত্তে হ'লে শিল্প-সৃষ্টি জিনিষটাকে অস্বীকার কর্ত্তে হয়। বাস্তবকে সুন্দর ও সম্পূর্ণ করে তোলাই সৃষ্টির সার্থকতা।

ভগবানের সৃষ্টি জগৎ, মানুষের সৃষ্টি আর্ট। মানুষের সৃষ্টিতে, অভিব্যক্তিতে, অনুভূতিতে আর্ট। মনোভাবকে সার্থক ও সুন্দর করে প্রকাশ করাতেই সার্থকতা। সাহিত্যের শিল্পীতো ফোটোগ্রাফার নন, যে বাইরের সবটুকুই আঁকড়ে ধর্‌বেন, ভিতরের প্রাণটুকুও তাঁর কাছে বাদ পড়ে না। ভাল মন্দ কোনটারই সত্তা অস্বীকার করা যায় না কিন্তু মন্দের ভিতরে ভালকে দেখতে পারাই শিল্পীর বাহাদুরী। শিল্পী যখন মন্দের ভিতরে ভাল দেখাতে পারেন না তখন কাননার কুৎসিৎ মূর্ত্তি আরও কুৎসিৎ হ'য়ে ধরা দেয়, ভোগ লালসার কদর্য্যতা আরও কদর্য্য হ'য়ে দাঁড়ায় শিল্পীর চোখে।

দেহের ক্ষুধাকে রূপ দেওয়ার উত্তেজনা বর্ত্তমান সাহিত্যে দেখা যায় কিন্তু সেখানে তো সাহিত্যের সার্থকতা নয়। বাস্তব জগৎ সাহিত্যের বড় কথা নয়—বড় হচ্ছে অন্তর জগৎ। সাহিত্য যেখানে আত্মার ক্ষুধা জোগায়, সেখানেই সে সার্থক।

শিল্পীর জগৎ সাধারণ মানুষের জগতের থেকে বহু উচ্চে। শিল্পী হবে আশা, আকাঙ্ক্ষা, আনন্দ ও সৌন্দর্য্যের উদ্বোধক। শিল্পীর জগৎ, তাঁর নিজের জগৎ—"রসের জগৎ।" জীবনকে সাহিত্যিক কি ভাবে দেখছেন সেইটেই হ'লো বিচার্য্য। জীবনের সুখ-দুঃখ—হাসি-কান্না—বিপদ-আপদ—আশা-আনন্দ কি ভাবে তিনি এঁকেছেন ও ফুটিয়ে তুলেছেন সেইটেই দ্রষ্টব্য।

বর্ত্তমানে পাশ্চাত্য realism বাঙ্গলা সাহিত্যের ছোট আবেষ্টনীর ভেতরে ছড়িয়ে পড়ছে। নগ্ন বাস্তবতাকে প্রকট ক'রে আমাদের দৃষ্টি পথে আনাই কোন কোন সাহিত্যিক মনে করেন

সাহিত্যের চরিতার্থতা। সাহিত্যিক এখন অসংযমী হ'য়ে দাঁড়িয়েছেন—তাঁর লজ্জা নেই—ভয় নেই। একেই তাঁরা বলছেন সাহিত্যের আদর্শ। বাইরে থেকে কতটুকুই বা আমরা জানতে পারি? ইন্দ্রিয় সাহায্যে যেটুকু জানা যায় তা অতি সামান্য ও সময়ে সময়ে মিথ্যে হ'য়ে দাঁড়ায়। ইন্দ্রিয়ের গণ্ডীতে মন ধরা দেয়না কাজেই নিছক বাস্তবতাকে উপন্যাসের ভেতরে টেনে আনা ভাল দেখায় না। রবীন্দ্রনাথ ঠিকই বলেছেন—"সম্প্রতি আমাদের সাহিত্যে বিদেশের আমদানী যে একটা বে-আব্রুতা এসেছে, সেটাকে এখনকার কেউ কেউ মনে করেন নিত্য পদার্থ; ভুলে যান, যা' নিত্য তা' অতীতকে সম্পূর্ণ প্রতিবাদ করেনা। মানুষের রসবোধে যে আব্রু আছে সেইটেই নিত্য, যে আভিজাত্য আছে রসের ভোগে সেইটেই নিত্য।" মানুষের দৈনন্দিন জীবন খুবই সত্য কিন্তু দীনতা, মলিনতা, দুর্বলতা—এতো মানুষের প্রকৃত রূপ নয়—একে সাহিত্যে প্রকাশ করা অসত্য না হ'লেও অসঙ্গত। শ্রীঅরবিন্দ বলেছেন—"All the highest activities of the mind of man deal with things other than the crude actuality.....It is no real function of art to cut out palpitating pieces from life and present them raw and smoking or well-cooked for aesthetic digestion."

আজকাল সাহিত্যিক 'বর্ত্তমান' নিয়েই মেতে থাকতে চান। অতীত, ভবিষ্যৎ নিয়ে তাঁরা মাথা ঘামাতে চাননা। কিন্তু অতীতকে আমরা কি করে ভুলব? তার সঙ্গে যে আমাদের দেহ মনের একটা অবিচ্ছিন্ন যোগ আছে। সাহিত্যিককে অতীত ভুললে চলবেনা—আইরিশ কবি ইয়েটস্ বলেছেন, "It is what is old and far off that stirs us the most deeply."

সমস্যামূলক বর্ত্তমানের ভেতরেই যদি সৃষ্টি শক্তি নিয়োগ করা হয়, তবে শিল্পীর প্রতিভা অনেকটা পঙ্গু হয়। আবার ভবিষ্যৎ ভুললেও চলবেনা, শিল্পীর মনে ভবিষ্যতের আশা আকাঙ্ক্ষা থাকা প্রয়োজন, কারণ ভবিষ্যৎ গড়ে উঠবে তাঁদেরই অনুপ্রেরণায়। যাঁরা চিরকালের সাহিত্যিক তাঁদের মন বর্ত্তমান সমস্যার মধ্যেই জড়িত থাকে না। অতীত তাঁরা ভোলেন নাই, বর্ত্তমানের ভেতরেও তাঁরা আবদ্ধ হ'য়ে থাকতে চান না, ভবিষ্যতের আশা আকাঙ্ক্ষা তাঁদের রচনায় ফুটে ওঠে; কিন্তু প্রতিভাবান তরুণ সাহিত্যিকেরা এটা যেন ভুলতে বসেছেন।

একজন বর্ত্তমান উপন্যাস লেখকের মত শুনেছি—বাজারের যা চাহিদা সেই রকমের উপন্যাস লিখতে হয়। মানি আমাদের দেশে উপযুক্ত সাহিত্য পাঠকের অভাব—মানি চিন্তাশীল লেখার পাঠকের অভাবের জন্যই চিন্তাশীল লেখার অভাব দেখা যায়; জানি আমাদের দেশে সাহিত্যিকরা উপযুক্ত পারিশ্রমিক পান না—তাতে তাঁদের সাহিত্য সাধনার পথে আসে অনেক বাধা বিঘ্ন; তবুও বলব—সাহিত্য যখনি ব্যবসায়ী সাহিত্য হ'য়ে ওঠে তখনই সে পদ্ম থেকে পাঁকে নামতে সঙ্কোচ করে না। অন্যভাবে উপন্যাস লিখলে না হয় বিক্রী একটু কম হ'তে পারে কিন্তু বঙ্গসাহিত্যের ভাণ্ডার তো সমৃদ্ধ হবে। সাহিত্যিক নগ্ন বাস্তবতা নিয়ে উপন্যাস লিখলে তাঁদের লাভ হতে পারে কিন্তু সাহিত্যের তাতে ক্ষতি হয় অনেক।

এতক্ষণ তো আধুনিক সাহিত্যিকদের বিরুদ্ধে খালি অভিযোগই দেওয়া হ'ল—কিন্তু তাঁদের গুণের দিকটা তো ভুললে চলবে না। সাহিত্যের পরিণতির দিকে লক্ষ্য করলে দেখব সর্বপ্রথম আমাদের সাহিত্যে দেবদেবী পরে রাজা-রাণীরা হ'লেন নায়ক নায়িকা। তারপর জমিদার, ধনী, পণ্ডিত প্রভৃতি অভিজাত শ্রেণীর চরিত্র আমাদের সাহিত্যে স্থান পেল—দৃষ্টান্ত স্বরূপ বঙ্কিমচন্দ্র ও রবীন্দ্রনাথ সৃষ্ট কথা-সাহিত্যের কথা বলা যায়। তারপর শরৎবাবুর সঙ্গে সাহিত্যে এল মধ্যবিত্ত সম্প্রদায় এবং এই সম্প্রদায়ের দুঃখ দৈন্যের সঙ্গে পাঠকের পরিচয় বেশী কাজেই এ সাহিত্যের জনপ্রিয়তা হ'লো বেশী। পরে মধ্যবিত্ত সম্প্রদায় আমাদের সাহিত্যে আরও সুন্দরভাবে ফুটে উঠছে। কিন্তু এখন দেখছি পৃথিবীতে আরম্ভ হ'য়ে গিয়েছে গণতন্ত্রের যুগ। এখন পর্য্যন্ত জনগণের প্রাধান্য না হ'লেও বাঙলা সাহিত্যে পতিত জনগণের যুগের ছায়া পড়েছে। আধুনিক সাহিত্যিকেরাই প্রথম দৃষ্টিপাত করেছেন অত্যন্ত হীন, অস্পৃশ্য সাধারণ অবজ্ঞাত মানব সমাজের দিকে। শুধু বাইরে থেকেই তাঁরা দেখেন নি, শুধু চোখ দিয়ে দেখে ও কান দিয়ে শুনেই তাঁদের কাজ শেষ হয়নি—তাঁরা হৃদয় দিয়ে অনুভব করে সব কিছু যাচাই ক'রে নিয়ে, তাদের আত্মীয় হ'য়ে সমস্ত প্রাণ দিয়ে ছবি এঁকেছেন তাদের। তরুণ সাহিত্যিকরা এই অবজ্ঞাত, অনাদৃত অসহায়, অস্পৃশ্য মানব সমাজকে বুকে চেপে ধরেছেন—এবং তাদের দাবী উপস্থিত করেছেন জাতির সম্মুখে। সেই রুশের সাম্যবাদ—"একজাতি মানব সকল" বাঙলা সাহিত্যে আজ স্থান পেয়েছে। এই তরুণ সাহিত্যিকদের প্রচেষ্টায় গড়ে উঠবে এমন সাহিত্য, যে সাহিত্য সব মানুষকেই সমান চোখে দেখবে। এই নতুন সৃষ্টি সাহিত্যে হ'বে অমূল্য সম্পদ্। এদের মধ্যেই এমন সাহিত্যিক গড়ে উঠবেন যিনি সাহিত্য জগতে চিরদিনকার আসন অলঙ্কৃত করবেন।

আমাদের সাহিত্য এখন ধর্ম্মের জয় আর অধর্ম্মের পরাজয় দেখাবার জন্য ব্যস্ত নয়—শিল্প সৃষ্টির দিক দিয়ে যেটা করলে আর্টের স্বাধীনতা বাধা প্রাপ্ত হয় না তাই আজকালের সাহিত্যে করা হয়। তাই নেহাৎ সাধু সচ্চরিত্রকেও সময়ে সময়ে আমরা দেখি কতরকম দুঃখ কষ্ট ভোগ করতে।

আগের সাহিত্যে ব্যক্তি-স্বাতন্ত্র্য ছিল কিন্তু রাষ্ট্রীয় ঐক্যের ছিল অভাব। বর্ত্তমানে সমাজের বিরুদ্ধে ব্যক্তির অধিকারভাব সাহিত্যে পরিস্ফুট দেখতে পাই। আদর্শ চরিত্র সৃষ্টির দিকে এখন ঝোঁক নেই—দোষগুণ সমন্বিত সাধারণ মানুষটাই সাহিত্যে এখন স্থান পেয়েছে। বঙ্কিমচন্দ্রই অবশ্য দোষগুণের সাধারণ মানুষকে সাহিত্যে প্রথম স্থান দিয়েছিলেন।

এখনকার সাহিত্যে ভাষার দিক দিয়ে কোন কোন লেখকের লেখায় একটা নূতনত্ব সৃষ্টির চেষ্টা হয়েছে।

তারপর কথা সাহিত্যে উন্নত ধরণের হাস্যরসের প্রচলনও বেশী দিনের নয়।

অনেকে বলেন আমাদের কথা-সাহিত্যের অবনতি ঘটছে কিন্তু সেটা আমরা মেনে নেবনা—নতুনভাবে উপন্যাস লেখার experiment করতে গিয়ে আমাদের কথা সাহিত্য বাধাগ্রস্ত হতে পারে কিন্তু তার অবনতি ঘটেনি, কারণ এখনও 'মহাপ্রস্থানের পথে' বার হ'লে 'পথের পাঁচালী' শুনতে পাওয়া যায়। 'নিশীথ নগরী'র 'বেনামী বন্দরে' 'ইন্দ্রাণীকে' দেখতে পাওয়া যায়,—আর 'কল্লোলকুটি'তে বসে 'মহাযুদ্ধের ইতিহাসে'র আলোচনা হ'য়ে থাকে।

আধুনিক বাঙ্‌লা গান

শ্রীশ্যামলী সেনগুপ্ত
দ্বিতীয় বার্ষিক শ্রেণী—
সাহিত্য বিভাগ

[পুরস্কার প্রাপ্ত প্রবন্ধ]

যে সঙ্গীত শ্রোতা ও গায়ক উভয়ের মনেই আনন্দ এবং রসের সঞ্চার করে তাহাই প্রকৃত সঙ্গীত। কেবল গায়ক বা গীতিকার যে গানে আনন্দ পান তাহা উচ্চাঙ্গের সঙ্গীত পর্য্যায়-ভুক্ত হইতে পারে না।

"একাকী গায়কের নহে ত গান
মিলিতে হবে দুইজনে।
গাহিবে একজন খুলিয়া গলা
আরেকজন গাবে মনে।
তটের বুকে জাগে জলের ঢেউ
তবে সে কলতান উঠে।
বাতাসে বনসভা শিহরি উঠে
তবে সে মর্ম্মর ফুটে।"

সঙ্গীত এমনই জিনিস যে তাহা যদি কথা, সুর ও ভাবে সমৃদ্ধ হয় তাহা হইলে শ্রোতার মন আকর্ষণ করিবেই। শ্রেষ্ঠ গীতিকার তিনিই যিনি যোগ্য কথার সহিত যোগ্য সুরের মিলন ঘটাইয়া "গীতরস" নামক একটি বিশেষ আনন্দরসের সৃষ্টি করেন।

বাংলাদেশের গানের কথা মনে করিলে প্রথমেই আমাদের মনে পড়ে চণ্ডীদাস ও বিদ্যাপতির কথা। তাঁহারাই আমাদের বাংলাগানের আদিগুরু। তাঁহাদের রচিত রাধাকৃষ্ণ সম্পর্কিত প্রেম ও বিরহের গানগুলি চিরদিনই রসবোদ্ধাদের মনে আনন্দ দান করিবে। বর্ত্তমান গানের সহিত সে যুগের গানের বহু পার্থক্য আছে সন্দেহ নাই, কিন্তু তাঁহাদের গানগুলির রসমাধুর্য্য চিরদিন অম্লান থাকিবে। কারণ এই সকল গানে মানুষ ও দেবতা একই পর্য্যায়ের অন্তর্ভুক্ত হইয়া পরম ভক্তিভরে পূজা পাইয়াছেন। নিখিল বিশ্বের সর্ব্ববিস্মারক রসানন্দে সঞ্জীবিত হইয়া বৈষ্ণব ভক্তগণ শান্ত-দাস্য-সখ্য-বাৎসল্য ও মধুরভাবে ভগবানকে আপনার অতি প্রিয় করিয়া উপাসনা করিয়াছেন।

চণ্ডীদাস বিদ্যাপতির পরে বাংলাদেশে জ্ঞানদাস, গোবিন্দদাস প্রভৃতি বৈষ্ণব ভক্তকবিগণ জন্মগ্রহণ করেন। তাঁহারাও অতি সুললিত ভাষায় তাঁহাদের সাধক-চিত্তকে সাধারণের নিকট প্রকাশ করিয়া গিয়াছেন। আমাদের দেশে নীলকণ্ঠের যাত্রার গান ও দাশুরায়ের পাঁচালী পল্লীতে পল্লীতে যথেষ্ট প্রসিদ্ধি লাভ করিয়াছিল। তাঁহাদের গানের ধারাও পূর্ব্বতন কবিদের

ন্যায় ভক্তিমূলক। বাংলা গানের কথা মনে করিলে আমাদের অপর এক ব্যক্তির কথা মনে পড়ে—তিনি রামপ্রসাদ।

"মন তুমি কৃষিকাজ জানোনা,
এমন মানব জমিন রইলো পতিত,
আবাদ ক'রলে ফলতো সোনা।"

বাংলাদেশে এইরূপ দেহতত্ত্ব বিষয়ক রামপ্রসাদী গানের এখনও বহুল-প্রচলন আছে। ইহা ছাড়া বঙ্গদেশীয় শাক্ত হৃদয়ের প্রতিচ্ছবি তাঁহার সঙ্গীতে দেখিতে পাওয়া যায়। ইহাই 'প্রসাদী সঙ্গীত' নামে সবিশেষ খ্যাত। এই গানগুলি রামপ্রসাদের আন্তরিকতায় অসাধারণত্ব লাভ করিয়াছে। রামপ্রসাদ বিগ্রহ পূজা করিলেও তিনি সেই বিগ্রহের পদতলে বসিয়া অনন্তরূপের ছায়া দর্শন করিয়া গাহিয়াছিলেন—

"ত্রিভুবন যে মায়ের মূর্ত্তি জেনেও কি তা জাননা।
মাটির মূর্ত্তি গড়িয়ে মন তার করতে চাওরে উপাসনা॥
ধাতু পাষাণ মাটি মূর্ত্তি কাজ কিরে তোর সে গঠনে।"

নিধুগুপ্ত বাংলাদেশে এক নূতন ধারার গান প্রচলন করেন। আমাদের দৈনন্দিন জীবনের সুখ-দুঃখ মিলন-বিরহ লইয়া গীত রচনা তিনিই বোধ হয় প্রথমে করিয়া গিয়াছেন। তাঁহার গানের আর এক বিশেষত্ব এই যে তিনিই প্রথম বাংলাভাষায় হিন্দুস্থানী বা ওস্তাদী ঢংএর প্রচলন করেন। তিনি প্রধানতঃ টপ্পার জন্য বিখ্যাত। আজও যে কোন ওস্তাদ বাংলা গান গাহিতে হইলে কেবল নিধুবাবুর গানই গাহেন। কিছুদিন পূর্ব্বে গিরিশচন্দ্র ঘোষ তাঁহার নাটক-গুলির মধ্যে অনেক শ্রুতিমধুর গান লিখিয়া গিয়াছেন।

কিন্তু ইঁহারা সকলেই আমাদের পূর্ব্বতন গীতিকার। সঙ্গীতে ঠাকুরবাড়ীর দান প্রকৃতিগত। গণেন্দ্রনাথ, দ্বিজেন্দ্রনাথ, সত্যেন্দ্রনাথ ও জ্যোতিরিন্দ্রনাথ সকলেই সঙ্গীত রচয়িতা ও সুরজ্ঞ ছিলেন। দ্বিজেন্দ্রনাথ বাঙলায় স্বরলিপির প্রথম প্রবর্ত্তক; জ্যোতিরিন্দ্রনাথ ইহার উন্নতি করিয়া বর্ত্তমান রূপ দিয়াছেন। কিন্তু আধুনিক বাঙলা গান বলিতে আমরা রবীন্দ্রনাথের গানই বিশেষভাবে বুঝি।

"নিভৃত এ চিত্তমাঝে নিমেষে নিমেষে বাজে
জগতের তরঙ্গ আঘাত
ধ্বনিত হৃদয়ে তাই মুহূর্ত্ত বিরাম নাই
নিদ্রাহীন সারা দিনরাত।"

এই কয়টি পংক্তিতে কবি নিজেই নিজের অন্তরের পরিচয় দিয়াছেন। তাঁহার জীবন-

ব্যাপী সঙ্গীতসাধনা ইহারই অভিব্যক্তি। নোবেল প্রাইজ পাইবার পরে দেশে ফিরিয়া তাঁহার গানের যে বন্যা খুলিয়া গিয়াছিল তাহার স্রোত এখনও সমভাবে চলিতেছে।

প্রাচীন বৈঠকী গান ও আধুনিক গানের মধ্যে পার্থক্য এই যে সেকালের গীতিকারেরা সুরেরই প্রাধান্য রাখিতেন। তাঁহাদের গানে সাহিত্য-রস বা ভাবের সন্ধান মিলিত না। কিন্তু আধুনিক গান সর্বদাই কাব্যকে মর্যাদা দেয়। আধুনিক বাংলা গান সুরের দ্বারা কথাকে সমাধিস্থ করে না। বর্তমান গীতিকারেরা সুর এবং কথা উভয়কেই সমান আসন দিয়াছেন। কাজেই তাঁহাদের গানে কাব্যরসেরও অভাব দেখা যায় না। প্রাচীন গানগুলি তান প্রধান বলিয়া প্রাচীন কবিগণ রচনায় ছন্দ রক্ষার প্রতি তত অবহিত ছিলেন না। কেবল সুর, তাল ও মাত্রার বিশেষত্ব প্রকাশের জন্যই সেগুলিকে পরস্পর সাজানো হইত। কিন্তু আধুনিক গানগুলি কবিতা হিসাবেও পড়া চলে। তাহাদের সুর ভিন্ন নিজেরেরই একটি বিশেষত্ব আছে।

রবীন্দ্রনাথের গান শব্দবিন্যাসে, কবিত্বে, ভাবে, ভাষায়, ছন্দে ও মিলে অপূর্ব। তাঁহার গানের সুর বৈচিত্র্যে ধ্বনিমাধুর্যে ও ভাবের অভিব্যক্তিতে সকলের মনেই এক নূতন স্পন্দন জাগাইয়া দেয়। রবীন্দ্রনাথ তাঁহার গানে হিন্দিগানের গঠন প্রণালী মানিয়া চলিয়াছেন। অর্থাৎ পূর্ণাঙ্গ গানে আস্থায়ী, অন্তরা, সঞ্চারী, ও আভোগ এই চারি ভাগের ব্যতিক্রম করেন নাই। তিনি রাগরাগিণীর শুচিতা যথাসম্ভব বজায় রাখিয়াছেন। তবে সুকৌশলে রুচিসঙ্গত মিশ্রসুরের প্রবর্তন করিয়াছেন। সেজন্য তাঁহার গান মীড় ও গোঁচগাঁচ বজায় রাখিয়া গাওয়া সাধারণের পক্ষে কঠিন। পুরাতন রাগরাগিণী তাঁহার লেখনীস্পর্শে নূতনরূপ ধারণ করিয়াছে। প্রাচীন কীর্তন, বাউল প্রভৃতি প্রত্যেক সুরই রবীন্দ্রনাথের প্রতিভায় নূতন সৌন্দর্য লাভ করিয়াছে।

বাংলাভাষায় আধুনিক গানে দ্বিজেন্দ্রলালের দান অল্প নহে। তাঁহার হাসির গানের জন্য দেশবাসী চিরদিন তাঁহাকে স্মরণে রাখিবে। তিনি কাহাকেও উদ্দেশ্য না করিয়া কেবল হাসির জন্যই হাসির গান লিখিয়া গিয়াছেন। দ্বিজেন্দ্রলালই প্রথম বাংলা সঙ্গীতে ইংরাজী ওজোগুণ আনয়ন করেন—তাঁহার স্বদেশী গানে। স্বদেশী গানের সুরে তাঁহার নিজস্ব প্রতিভারও অপূর্ব বিকাশ দেখা যায়। করুণ ইমন কিঁঝিটেও তিনি বীররসের সৃষ্টি করিয়া গিয়াছেন, তাঁহার 'সেথা গিয়াছেন তিনি' 'বঙ্গ আমার' প্রভৃতি গানে। তাঁহার আর একটি শ্রেষ্ঠ অবদান বাংলাগানে উচ্চাঙ্গের খেয়ালের তান, মীড় ও তালের প্রবর্তন। খেয়ালের প্রাণধারা তিনি বাংলার সুরের নদীতে প্রবাহিত করিয়া গিয়াছেন।

আমাদের আর দুইজন প্রসিদ্ধ আধুনিক গীতিকারের নাম মনে পড়ে। একজন রজনীকান্ত সেন, অপরজন অতুলপ্রসাদ সেন। রজনীকান্তের গান সাধারণতঃ দুই শ্রেণীর। তিনি হাসির গান ও ভক্তিমূলক গানের জন্য দেশবাসীর নিকট আদর পাইয়াছেন। রজনীকান্ত তাঁহার ভক্তচিত্তকে অতি সুন্দররূপে প্রচার করিয়া গিয়াছেন—

"আমায় সকল রকমে কাঙ্গাল ক'রেছ
গর্ব করিতে চুর।"

মৃত্যুশয্যায় এই গানটি রচনা করিয়া তিনি দেশবাসীর নিকট নিজের মনের সত্য রূপটি প্রকাশ করিয়া গিয়াছেন।

অতুলপ্রসাদ অন্তরে অন্তরে ছিলেন ভক্তসাধক। ভক্তসাধকের হৃদয় বেদনা তাঁহার সঙ্গীতে ফুটিয়া উঠিয়াছে। অতুলপ্রসাদ কবীর, সুরদাস, রামপ্রসাদ ও রজনীকান্তেরই স্বগোত্র। ভগবদ্বিশ্বাসের ও ভক্তির যে প্রাচীন ধারা বাংলা সাহিত্যের মধ্য দিয়া বহিয়া আসিয়াছে, অতুলপ্রসাদের সঙ্গীতও সেই প্রবাহেই বহিয়া চলিয়াছে। তিনি হিন্দুস্থানী সঙ্গীতের অনেক মাধুর্যকে বাংলা গানের মধ্যে আমদানী করিয়া বাংলা গানকে মধুর ও বিচিত্র করিয়া তুলিয়াছেন।

"বাদল ঝুম্ ঝুম্ বোলে
না জানি কি বলে?
বুঝিতে পারিনা কথা
তবু নয়ন উথলে।"

এই হিন্দুস্থানী ঠুংরি, পিলু, খাম্বাজকে কাঁপতালে, মীড়ে ও গোঁচে তিনি অপরূপ করিয়া তুলিয়াছেন। অতুলপ্রসাদের গানে মধ্যে মধ্যে ছন্দের ভুল আছে ইহা সত্য, তথাপি বলিতে হইবে অতুলপ্রসাদ ছিলেন কবি—ছিলেন গীতিকার।

আধুনিক গীতিকারের মধ্যে নজরুল ইসলাম ও হেমেন্দ্রকুমার রায় এর নাম উল্লেখ করা উচিত। নজরুল ইসলাম কবি হিসাবে এদেশে সত্যই খ্যাতি অর্জন করিয়াছেন। কিন্তু আজকাল তিনি কবিতা ছাড়িয়া গানে মনোনিবেশ করিয়াছেন। নজরুলের গানে ভাব, ভাষা ও সুরের অতি সুন্দর সমন্বয় দেখা যায়। তাঁহার গান প্রধানতঃ প্রেমবিষয়ক কিন্তু বাংলা-ভাষায় তাঁহার প্রধান দান 'গজল'। তাঁহার গজল গান গীতিরাজ্যে এক নূতন ঢেউ বহাইয়াছে।

হেমেন্দ্রকুমার আধুনিক পাঠক ও শ্রোতাদের রুচিসঙ্গত কবিত্বপূর্ণ প্রেমসঙ্গীত লিখিয়া খ্যাতি অর্জন করিয়াছেন। তিনি নাটকীয় সঙ্গীত রচনাতেও আমাদের নিকট সুপরিচিত। তাঁহার গানগুলি কবিত্বে ও ভাবে সমৃদ্ধ।

কীর্তন, বাউল, সেঠো ও ভাটিয়ালী সুর আমাদের নিজস্ব সম্পদ্। রবীন্দ্রনাথ ও অতুল প্রসাদের প্রতিভায় এই সুরগুলি মধুরতর হইয়া উঠিয়াছে। আমাদের দেশের কীর্তন সঙ্গীত 'একমেবাদ্বিতীয়ম্।' কীর্তনের অপূর্ব গরিমা ও বৈশিষ্ট্য ভাবিলে অবাক হইতে হয়। ইহাতে ভক্তির ও প্রেমের পশ্চাতে আছে কাব্য, ভাব, তান, সুর, তাল, ছবি ও নাটকের সমন্বয়। আধুনিক যুগে অতুলপ্রসাদের বাউল ও নজরুল ইসলামের গজল সকলের নিকটেই আদর পাইতেছে।

রবীন্দ্রনাথ গীতিরাজ্যে পূর্ণ সফলতা লাভ করিয়াছেন। সেজন্য আজকাল বহু কবি গীত-রচনা করিতে চেষ্টা করিতেছেন। কিন্তু কেবল সুরে যেমন গান হয় না, তেমনি কেবল ছন্দোবদ্ধ কথায়ও গান হয় না। গীতিকারের আর একটি বৈশিষ্ট্য যে তাঁহারা নিজে গাহিয়া গান

রচনা করেন। কিন্তু আজকালের কবিরা নিজে গান লিখিয়া অপরের উপর গাহিবার ভার দেন। সেজন্য তাহাদের গান সর্বাঙ্গ সুন্দর হইতে পারে না।

ওস্তাদী মহলে বাংলা গানের আদর নাই। ওস্তাদদের বিশ্বাস যে সুরের ও তালের বৈচিত্র্যই গানের প্রাণ। সেজন্য তাহারা গান গাহিতে হইলেই হিন্দীগান গাহেন কিন্তু বাংলাদেশ বহু প্রতিভাসম্পন্ন গীতিকারের কণ্ঠে ওই ওস্তাদী বিশ্বাসের তীব্র প্রতিবাদ চলিতেছে। বাংলা গানের বৈশিষ্ট্যই এই যে তাহাতে সুর ও ভাবের একত্র সমাবেশ আছে। বাংলা গীতিকারেরা সুরের দ্বারা কাব্য ও ভাব প্রকাশ করেন। যাহা হউক বাংলা গানের যেরূপ দ্রুত উন্নতি হইতেছে তাহাতে আশা করা যায় যে, বাংলা গান অদূর ভবিষ্যতে তাহার বৈশিষ্ট্য বজায় রাখিয়াই ভারতের সঙ্গীতরাজ্যে প্রতিষ্ঠালাভ করিবে।

প্রবন্ধ শেষ করিবার পূর্বে মনে আসিতেছে ভাষা দিয়া গানের কথা বলিতে গেলে তাহার কতটুকুই বা বলা হয়। মানবমনের চিরন্তন আকূতি ভিন্ন ভিন্ন যুগের শিল্পিগণ চিত্রে, ভাস্কর্যে, কাব্যে ও সঙ্গীতে ফুটাইয়া তুলিতে চেষ্টা করিতেছেন। চেষ্টার আজিও অন্ত নাই। সফলতা এখনও বহুদূরে। তথাপি বলিতে হয় সেই দুর্লভকে লাভ করিবার পথে চিত্র ও কাব্য আমাদের যতটুকু সাহায্য করিতে পারে সঙ্গীত তদপেক্ষা অধিকতর অগ্রসর করিয়া দিতে সক্ষম। চারুশিল্পের প্রাণই ইঙ্গিতময়। চিত্র ও কাব্য অপেক্ষা সঙ্গীত যে অধিকতর ইঙ্গিতময় তাহাতে সন্দেহ নাই। ইহার কারণ সে ব্যোমচারী সুরের সাহায্য লইয়াছে। শিল্পীর তুলিকা কবির লেখনী যেখানে অগ্রসর হইতে সক্ষম হয় না, সুর সেখানে আমাদের লইয়া যাইতে পারে। বিশ্বকবি মুক্ত কণ্ঠে গাহিয়াছেন—

আমার সুরগুলি পায় চরণ
আমি পাইনে তোমারে।

সুতরাং এ কথাও স্বীকার করিতে হয় ভাষা দিয়া গান বুঝাইবার চেষ্টা বিফল। কামনা করি ভাষার সহিত সুরের সমন্বয় সাধন করিবার সাধনা বাংলাদেশের সফল হউক। কিন্তু এই সঙ্গে তাহাদেরও প্রণাম করি যাঁহারা দীর্ঘদিন বলিয়া আসিতেছেন "ভাষার বাঁধনে সুরকে বাঁধিও না। মুক্তপক্ষ বিহঙ্গের ন্যায় তাহাকে উধাও করিয়া দাও। তাহার নটরাজের চরণ প্রান্তে উত্তীর্ণ হইবার পথে বাধা দিও না।"

আশুতোষ জন্মোৎসব

গত ১৫ই আষাঢ় (ইং ২৯শে জুন) সোমবার আমাদের কলেজের প্রতিষ্ঠাতা মহাপুরুষ আশুতোষের জন্মোৎসব সার আশুতোষ স্মৃতি মন্দিরে, মহাসমারোহে অনুষ্ঠিত হইয়াছে। দেশনায়ক শ্রীযুক্ত শরৎ-চন্দ্র বসু মহাশয় সভাপতির আসন গ্রহণ করিয়াছিলেন। সভায় সহরের বহু গণ্য-মান্য ব্যক্তি উপস্থিত ছিলেন।

প্রথমে সার আশুতোষের প্রতিকৃতি পুষ্পমাল্যে ভূষিত করা হয়। এই কার্য্য সুসম্পন্ন করেন—(১) কলিকাতা নগরবাসীর পক্ষ হইতে করপোরেশনের চিফ এক্সিকিউটিভ অফিসার মিঃ জে, সি, মুখার্জ্জি (২) কলিকাতা বিশ্ববিদ্যালয়ের পক্ষ হইতে রেজিষ্টার শ্রীযুক্ত যোগেশচন্দ্র চক্রবর্ত্তী ও (৩) আশুতোষ কলেজ ও স্মৃতিমন্দিরের পক্ষ হইতে সম্পাদক শ্রীযুক্ত নির্ম্মলচন্দ্র চট্টোপাধ্যায়। আশুতোষ কলেজের ছাত্রীগণ দুইখানি জাতীয় সঙ্গীত সমবেতকণ্ঠে গান করেন। মহা-মহোপাধ্যায় পণ্ডিত দুর্গাচরণ সাঙ্খ্য-বেদান্ততীর্থ মহাশয় একটি প্রশস্তি পাঠ করেন। পরে বাৎসরিক বিবরণী পাঠ করা হয়। সভাপতি মহাশয় সার আশুতোষের মহত্ত্ব ও ব্যক্তিত্ব সম্বন্ধে একটি নাতিদীর্ঘ বক্তৃতা করেন। স্মৃতি সভার পর সুবিখ্যাত কীর্ত্তনীয়া শ্রীযুক্ত ভূপেন্দ্র-কৃষ্ণ বসু তাহার সুমধুর কীর্ত্তনগানে সমবেত ভদ্রমহোদয় ও মহিলা-বৃন্দকে তৃপ্তি দান করেন।

আশুতোষ স্মরণে

অধ্যাপক শ্রীযুক্ত বিভূতিভূষণ ঘোষাল, এম-এ

হিয়া-বীণ্-তারে
আজি ঝঙ্কারে
নর-দেবতার গীতি।

মর্ম্ম-আকাশে
হিল্লোলি' ভাসে
মৃত্যু-বিজয়ী স্মৃতি॥

প্রজ্ঞা-প্রতিভা-দীপাবলী-সাজে
উজ্জ্বল নব-নালন্দা রাজে,
প্রাচী প্রতীচিরে
মিলালো অচিরে
তব অতুলন প্রীতি।

বিশ্ব-ভারতী
লভিছে আরতি
বিদ্যা-দেউলে নিতি॥

নির্ঝর-ঝর-হিমাচল-সম
কান্ত-কঠোর পুরুষোত্তম,
সচেত কর্ম্মে,
অটুট ধর্ম্মে,
সত্যে বিগত-ভীতি।

চরণাশ্রিতে
করুণা করিতে
অপূর্ব্ব তব রীতি॥

সরল-হাস্য-ফুল্ল-বয়ানে,
মনীষা-দীপ্তি-দীপ্ত-নয়ানে,
বজ্র-ধারণ
বারিদে মোহন
ইন্দ্রধনুর বীথী।

অনলস-ব্রতী,
যুগের সারথি,
লহ হে ভক্তি-প্রীতি॥

কল্পনা

শ্রীসুশীল জানা

ওগো ক্ষোটী পরিচয় সমাপন করি আজিকে
নন্দন বন-চারিণী—
রহিলে আঁখির অতীত, সুদূর স্বপনে,
মধুগন্ধির পুষ্পিতবনে গোপনে,—
তাই তব নাম ধ্বনিছে সুরের কাঁপনে,—
স্বরনের কত রাগিনী!
সাধ্য-সাধনে আসনাই কভু ছুটিরে,
অনাহুত তুমি আসিবে নিজন কুটিরে,
জীবনে উঠিবে বিভোল কমল ফুটিরে—
সুনীল স্বপন শায়িনী,—
ওগো সুখে সে কাঁপিবে থর থর করি,'
নন্দনবন-চারিনী!

তুমি আসিবে বাতুল চরণ ফেলিয়া বাতাসে
অশ্রুত সুর বাজায়ে।
অজানারে তুমি দাও কত ভাবে চিনিয়া,
সীমায় আনিলে অসীম—অরূপে জিনীয়া,
সুরেরে আনিবে অন্তর যারে টানিয়া,
আনিবে স্বপন সাজায়ে।
চপল ঘুমা'বে তোমার চরণ ছন্দে,
কর্ম্মের গতি মর্ম্মরি' মৃদুমন্দে
জীবন-কাননে দাঁড়া'বে অলসগন্ধে,—
আঁখি দিয়ো তা'র মুছায়ে
তুমি মোহ-অঞ্জনে গোপন ক্ষণিকে
অশ্রুত সুর বাজায়ে।

আমি বাণীর কাননে ক'রেছি রচনা আজিকে
তোমার বিহার-বনানী।
এসো আজি মোর কুসুম বিহীন কাননে
কর ছায়াময় বিরস শ্যামল আননে,
পুষ্পিত কর—ধন্য কর গো জীবনে
বারেকে পরশ প্রদানি'।
এস হাহাকার, কোলাহলময় ধরাতে,
এস আজি বুক সরস সুধায় ভরা'তে,
এস ধরণীর ক্ষুধিত কাতর অরাতে—
ব্যথারে ভুলাও গো রাণি!
আমি বাণীর কাননে করিব রচনা
তোমার বিহার-বনানী।

শ্রীসুশীল জানা, দ্বিতীয় বর্ষ, সাহিত্য

সম্পাদকের নিবেদন

দ্বিতীয় বার্ষিক বাঙ্‌লা সাহিত্য সম্মেলন

যুগ্ম সম্পাদক :
শ্রীরবীন্দ্র দত্ত : শ্রীবিভূতি রায়

সমবেত ভদ্রমহোদয় ও মহিলাবৃন্দ,

সাহিত্য সমিতির অধিবেশন হিসাবে এটা আমাদের দ্বিতীয় প্রচেষ্টা। প্রথম অধিবেশন হয়েছিল গত বৎসর। সাহিত্যের উন্নতির সঙ্গে সঙ্গে যখন দেশের সমস্ত শিক্ষা প্রতিষ্ঠান থেকে সাড়া পাওয়া গেল, তখন আমরা কি নীরব থাকতে পারি? এই নীরবতাকে মুখর করে' তোলার জন্য আমাদের এই সাহিত্য-সমিতি। যে মহাপুরুষের পুণ্য নামের সঙ্গে আমাদের বিদ্যালয়ের নাম জড়িত তাঁরই অর্দ্ধসমাপ্ত পুণ্য প্রচেষ্টা যা'তে ফলবতী হয় সেই চেষ্টাই আমাদের। কিন্তু মহাপুরুষের আরব্ধ মহাকার্য্য আমাদের দ্বারা কতদূর অগ্রসর হবে সেইটেই হচ্ছে প্রশ্ন। আমাদের ভরসা এই যে আপনারা যখন আমাদের ভালবেসে এখানে এসেছেন তখন আমাদের আজকের এই উৎসব ব্যর্থ হ'তে পারেনা।

আমাদের এই সম্মেলন বয়সে শিশু। গত বৎসর বীণাপাণির আগমনী দিনে এর হ'ল জন্ম। পুরোহিতের কাজ করলেন সর্ব্বজনপ্রিয় কথা-সাহিত্যিক শরৎচন্দ্র গতবৎসর এই সাহিত্য সম্মেলনের প্রথম অধিবেশনে আপনাদের অনেকের সঙ্গে আমাদের দেখা হ'য়েছিল। সে দিনের প্রীতিপুষ্পিত মাধবীকঙ্কণ আজও আমাদের হাতে বাঁধা আছে। এমন চিরাকাঙ্ক্ষিত শুভদিনে যা'র জন্ম হ'ল সে যে সুফলপ্রসূ হবে সে আশা আমরা করতে পারি।

গত বৎসরের ন্যায় এবারও অর্চ্চনার সঙ্গে সঙ্গে এই শিশু সমিতির জন্মতিথি ক'রবার আশা আমাদের ছিল, কিন্তু মহামান্য সম্রাটের মৃত্যুতে শোক প্রকাশার্থ অনিবার্য্য কারণে এটা হয়ে গেল বন্ধ—তাই আজ এই সমিতির অধিবেশন।

আয়তনের সঙ্কীর্ণতা আজ আর আমাদের লজ্জা দেয় না। নবপ্রতিষ্ঠিত কলেজ গৃহ সেটা দূর ক'রেছে। এই গৃহে এই সমিতির অধিবেশন আজ প্রথম ;—এটাই হ'চ্ছে আমাদের আনন্দ, গৌরব ও গর্ব্বের বিষয়। বিদ্যালয়ের ইতিহাসের এটি হবে এক স্মরণীয় পৃষ্ঠা।

নূতন এসে পুরাতনের স্থান দখল করে এটাই হচ্ছে জগতের রীতি। গত বৎসরের অনেক পরিচিত বন্ধুকে আর দেখতে পাইনা—কেউবা কর্ম্মজীবনে, কেউবা সংসার জীবনে প্রবেশ ক'রেছেন। সকলের বেলায় এই নিয়ম অপরিহার্য্য, পাঠ শেষ হ'লেই একে ত্যাগ

করতে হবে। কিন্তু শিক্ষালাভ যাঁরা ক'রতে আসেন তাঁদের সঙ্গে বিদ্যালয়ের সম্পর্ক দুদিনের নয়, পরীক্ষায় উত্তীর্ণ হ'য়ে বিদায় নেবার সঙ্গে সঙ্গেই সে সম্পর্ক শেষ হয়না। একবার যাঁরা বিদ্যালয়ে প্রবেশ ক'রেছেন, বিদ্যালয়ের স্নেহ-দৃষ্টি থেকে তাঁরা কোনদিনই বঞ্চিত হননা—একথা সবাই জানেন।

ছাত্র-ছাত্রীদের উৎসাহিত ক'রবার জন্য এই সমিতি থেকে গত বৎসর বিভিন্ন প্রকার প্রবন্ধ প্রতিযোগিতা আহ্বান করা হ'য়েছিল। পরীক্ষার পর যাঁরা উপযুক্ত বিবেচিত হলেন তাঁ'রা প্রত্যেকেই পেলেন একটি করে পুরস্কার।

এবারও 'বঙ্গের মহিলা কবি' 'আধুনিক বাংলা গান,' 'আধুনিক বাংলা সাহিত্যের গতি ও প্রকৃতি,' 'আধুনিক বাংলা নাটক,' বিশপস্ ক্যানডলষ্টিকের বঙ্গানুভাব ও 'ছোট গল্প' এই ছয়টি বিষয়ে প্রবন্ধ প্রতিযোগিতা আহ্বান করা হ'য়েছিল। কিন্তু দুঃখের বিষয় ছাত্র ছাত্রীদের দিক থেকে যথেষ্ট পরিমাণে সাড়া আমরা পাইনি এবং সামান্য মাত্র যা পেয়েছি তা'তেও বিশেষ উৎসাহিত হতে পারিনি। এবার প্রতিযোগিতায় পুরস্কার পেয়েছেন প্রথম বার্ষিক শ্রেণীর শ্যামলী সেন গুপ্তা, তৃতীয় বার্ষিক শ্রেণীর জয়া দাশ গুপ্তা, তৃতীয় বার্ষিক শ্রেণীর সৌমিত্রশঙ্কর দাশ গুপ্ত, প্রথম বার্ষিক শ্রেণীর ননিতা দেবী, প্রথম বার্ষিক শ্রেণীর রেবা দাশ গুপ্তা ও প্রথম বার্ষিক শ্রেণীর শিশির দত্ত। প্রথম বার্ষিক শ্রেণীর করুণাকণা সেন, অধ্যাপক মোহিনীমোহন মুখোপাধ্যায় প্রদত্ত 'রমাস্মৃতিপদক' পেয়েছেন। প্রবন্ধ ও গল্পগুলো পরীক্ষা ক'রেছেন বেথুন কলেজের প্রিন্সিপাল শ্রীযুক্তা তটিনী দাশ, শ্রীযুক্ত গিরিজাশঙ্কর রায় চৌধুরী, শ্রীযুক্তা ইন্দিরা দেবী চৌধুরাণী, শ্রীযুক্ত নরেন্দ্র দেব, অধ্যাপক মোহিনীমোহন মুখোপাধ্যায় ও অধ্যাপক বিভূতিভূষণ ঘোষাল। যাঁরা পদক দিয়ে ও পরীক্ষা ক'রে আমাদের সাহায্য করেছেন তাঁদের আমরা আন্তরিক ধন্যবাদ জানাচ্ছি।

এবারকার এই সমিতির সর্বাঙ্গীন সাফল্যের জন্য যাঁরা অক্লান্ত পরিশ্রম ক'রেছেন তাঁদের সবাইকে ধন্যবাদ জানাচ্ছি। তাঁদের মধ্যে বিশেষভাবে অধ্যাপক বিভাস রায় চৌধুরীকে আমাদের কৃতজ্ঞতা জানাচ্ছি। তিনি অপরিসীম উৎসাহ ও আন্তরিকতা নিয়ে কাজ না ক'রলে আজ আমরা আপনাদের সঙ্গে মিশবার সৌভাগ্য থেকে বঞ্চিত হ'তাম।

বাংলা ভাষা ও সাহিত্যের ক্রমোন্নতি হোক্ আজ আমাদের এই একমাত্র কামনা। অদূর ভবিষ্যতে বাংলা ভাষা রাষ্ট্র ভাষার বাহন হয়েছে এ আমরা নিশ্চয় দেখতে পা'ব। আজকে যাঁরা বাংলা ভাষার দাবীকে এড়িয়ে চলতে চাচ্ছেন, তাঁদের জানিয়ে রাখতে চাই গতিশীল বহুতা নদীকে সঙ্কীর্ণ বাঁধের গণ্ডী দিয়ে আটকে রাখা যায়না। সে একদিন দুকূল ছাপিয়ে উছলে উঠবেই। বাংলা ভাষার শক্তি অশেষ। এ-ভাষার মর্মকোষে কীর্তন, বাউল, শ্যামাসঙ্গীত, কবির গান প্রভৃতি লোক-সঙ্গীত বংশপরম্পরায় সুপ্ত হ'য়ে রয়েছে। এর শিরায় শিরায় চণ্ডীমণ্ডপ, মনসামঙ্গল ও নাটমন্দিরের পুণ্যধারা তরঙ্গিত হ'য়ে প্রবাহিত

হ'চ্ছে। বাংলা ভাষার যে সার্ব্বভৌম প্রসিদ্ধি তা' অন্য কোন ভারতীয় ভাষার নেই। মহাপুরুষ আশুতোষের কথায় বলি,—'যে বীজ অঙ্কুরিত হইয়াছে তাহাকে সেচনাদি দ্বারা বিবর্দ্ধিত, পল্লবিত ও পুষ্পিত করিতে হইবে।' আসুন আমরা পরস্পরের প্রীতি ও সাধনা সম্বল ক'রে কর্ম্মের পথে অগ্রসর হই। আমাদের সাধনা সিদ্ধ হবে।

আজকের সভায় আমরা বলতে আসিনি, শুনতে এসেছি। তাই আপনাদের মহামূল্য সময় আর বেশী নষ্ট না করে, আপনাদের কাছ থেকে শুনবার আশা নিয়ে আজ এখানে শেষ করলাম। আপনারা আমাদের সশ্রদ্ধ নমস্কার গ্রহণ করুন।

২১শে ফাল্গুন, ১৩৪২।

রবীন্দ্রনাথ দত্ত,
সম্পাদক, আশুতোষ কলেজ বাংলা সাহিত্য-সমিতি

চিত্র-শিল্পি অবনীন্দ্রনাথ

শ্রীঅমিয়মাধব মিত্র

আধুনিক ভারতের চিত্রশিল্পের প্রসার ও প্রচার সম্বন্ধে কিছু বল্‌তে গেলেই একজনের কথাই বিশেষ করে মনে পড়ে যায়। তিনি অবনীন্দ্রনাথ ঠাকুর। আজ আমরা তাঁর জীবনী ব্যাখ্যা কর্‌তে আসিনি—এসেছি আধুনিক ভারতীয় চিত্রশিল্পে তাঁর দান-সম্বন্ধে দুই একটী কথা বল্‌তে।

বিজ্ঞানের কাছে মাথা নত করা মানুষের পক্ষে সাধারণ ও স্বাভাবিক।

কিন্তু আর্টের কথা সম্পূর্ণ পৃথক, সম্পূর্ণ নূতন, সম্পূর্ণ হেঁয়ালি। মানুষ মাত্রেই একটা-না-একটা স্বতন্ত্র অভিরুচি আছে—তা মনের মধ্যে এক অতি নিভৃত কোণে বাস করে। মানুষের মনের অন্যান্য প্রবৃত্তিগুলি যেমন বিদ্যা, বুদ্ধি প্রভৃতির যথেষ্ট চর্চ্চা না পেলে পরিস্ফুট হবার সুযোগ পায়না—অভিরুচির বিষয়েও ঠিক তেমনি। অভিরুচিকে অনবরত চর্চ্চার দ্বারা বর্দ্ধিত, মার্জ্জিত ও উচ্চাঙ্গের করে তুল্‌তে হয় এবং তখনই মানুষ সভ্যসমাজের অন্তর্ভুক্ত হ'তে পারে। উপরন্তু, অভিরুচিকে যদি ঠিকভাবে চালিত না করা যায় তাহলে বিভিন্ন শিল্পকলার বিভিন্ন গুণ গ্রহণ করা হ'য়ে পড়ে আমাদের পক্ষে মস্ত এক সমস্যা!

পঞ্চাশ বছর পূর্ব্বে ভারতবর্ষে রুচিবিজ্ঞানের কোন আদরই ছিল না—চর্চ্চা ত দূরের কথা! তখন দেশে আর্ট ব'লে কোনও বস্তু ছিল কিনা সে বিষয়ে ঘোরতর সন্দেহ (?)। তখনকার ছেলেরা কঠোর তপস্যা ক'রে, পুস্তক চর্চ্চা ক'রে, স্কুলের শিক্ষকদের বৈজ্ঞানিক বেত্রাঘাত অম্লানবদনে হজম ক'রে কোন গতিকে যদি ইউক্লিড্‌ কিংবা পানিনির সূত্রগুলো গলাধাকরণ কর্‌তে পার্‌ত ত নিজেদের এক একটা কালিদাস এবং কৃতার্থ মনে কর্‌ত। অভিরুচি-চর্চ্চা তখন তাদের স্বপ্নেরও অগোচর ছিল। চিত্রশিল্প যে মানুষের স্বভাব ও চরিত্রে প্রভাব বিস্তার কর্‌তে পারে এটাও ছিল তাদের একেবারে অজানা (?)। তাদের তখন রুচিকর চিত্রশিল্পের কোনও ধারণাই ছিল না। বরঞ্চ মনের মধ্যে একটা ভুল ধারণা ছিল যে ভারতের চিত্রশিল্প আদৌ উন্নত বা সভ্য নয়। যদি কেহ বা চর্চ্চাই কর্‌তেন চিত্র-শিল্পের ত তিনি ইউরোপীয় চিত্রের অনুকরণ করতেন। তাহাদের জানা ছিল না যে এই ভারতবর্ষেই চিত্রশিল্পের প্রসারের জন্য যা ধন নিহিত আছে তাহা পৃথিবীর খুব অল্প সভ্য দেশে বর্ত্তমান এবং যদি রীতিমত চর্চ্চা করা যায় তবে ভারতীয় চিত্র পৃথিবীর অপরাপর সভ্য-দেশের চিত্রকে অতি সহজেই হার মানাতে পারে। এক কথায় বল্‌তে গেলে বল্‌তে হয় যে তখনকার লোকের মধ্যে রসজ্ঞান আদৌ ছিল, তাহাদের জাতীয় শিল্পের উন্নতির কোন চেষ্টা ছিল না এবং তখনকার দিনগুলো ছিল অতি নীরস, আমোদশূন্য, একঘেয়ে (?)।

কলিকাতা চিত্রশিল্প বিদ্যালয়ের স্থাপনার পর হ'তে দেশের নীরস হাওয়া পশ্চিমদিকে হেলতে সুরু করল। এই বিদ্যালয়ের তত্ত্বাবধায়ক ছিলেন একজন ইংরাজ। সর্বপ্রথম যখন কেহই ঐ বিদ্যালয়ের ছাত্রত্ব গ্রহণ করতে সাহস করলে না, তখন ঠাকুরবাড়ীর কয়েকজন চিত্রশিল্পনবীশ্ ঐ বিদ্যালয়ের খাতায় নাম লেখালেন। তাহাদের মধ্যে অবনীন্দ্রনাথ একজন। অতি অল্পকাল মধ্যে অপরাপর ছাত্রদের চেয়ে তাঁর শক্তি যথেষ্ট বর্দ্ধিত হ'ল এবং তিনি তাঁর নিজস্বতা দেখিয়ে দিলেন সকলকে অবাক এবং মুগ্ধ ক'রে। তিনি ভারতবর্ষেরই অতীত গৌরবকে পুনর্জীবিত করবার প্রাণপণ চেষ্টা করতে লাগ্‌লেন। তিনি বিদেশীয় চিত্রের অনুকরণের আদৌ পক্ষপাতী ছিলেন না। ভারতের নিজস্বত্বটুকুকে পরিস্ফুট করাই হ'ল তাঁর ধ্যান ও মন্ত্র। প্রথম প্রথম তাঁহাকে অনেক বাধাবিঘ্ন সহ্য করতে হ'য়েছিল কারণ তাঁর এত বড় উপলব্ধি সাধারণ হৃদয়ঙ্গম করতে পারলে না। ভারতের মূর্খ এবং অন্ধের দল তাঁহাকে বিদ্রূপ করতেও পশ্চাদপদ হয়নি। তথাপি তিনি ক্ষান্ত হন্ নি—তিনি জগতকে দেখাতে চান্ যে ভারতবর্ষ চিত্রশিল্পে গ্রীস, রোম বা ফ্রান্স অপেক্ষা কোন অংশে হীন নহে। তিনি ভারতীয় চিত্রশিল্পে সম্পূর্ণ একা নূতন যুগের অবতারণা করলেন। প্রথম প্রথম যদিও তাঁহাকে কেহই অনুকরণ করে নি কিন্তু ভবিষ্যতে এমন একদিন এলো যখন সকলেই একবাক্যে তাঁর শিল্পের মাহাত্ম্য ও গুণ উপলব্ধি করতে পারলে এবং তাঁহাকে ভারতীয় চিত্রশিল্পের গুরু ব'লে মেনে নিলে। এখন ঘরে ঘরে অবনীন্দ্রনাথের নাম—তাঁকে জানে না এমন লোক বা তাঁর চিত্রের অনুকরণ ক'রে না এমন শিল্পি বর্ত্তমানে খুব কমই আছে।

অবনীন্দ্রনাথ যে প্রথমে আদৌ অনুকরণ করেন নি এমন নয়—তিনি অনুকরণ ক'রেছিলেন, কিন্তু তিনি অনুকরণ ক'রেছিলেন তাঁর নিজের মাতৃভূমিকে—কোন বিদেশীকে নয়। বিদেশীয় অনুকরণের তিনি আদৌ পক্ষপাতী ছিলেন না। তিনি বুঝেছিলেন যে বিদেশীয় অন্য কোন সভ্যজাতির চিত্রশিল্পের অনুকরণ ভারতবাসীর পক্ষে সম্ভব নয় কারণ তারা বহুদূরে অবস্থিত, সুতরাং যাতায়াতের বড়ই অসুবিধা। দ্বিতীয়তঃ, কেনই বা তিনি পরের ধন হরণ করবেন যখন তাঁর নিজের ঘরে প্রচুর পরিমাণে ধন বিদ্যমান। পরের হাবভাব, চালচলন নকল ক'রে আমাদের জাতীয় জীবনে কি লাভ?

অবনীন্দ্রনাথের চিত্রে মধ্যে আছে একটা নূতনত্ব, নিজস্বতা এবং জাতীয় ভাব—যেটা সম্পূর্ণ ভারতীয়। তাঁর চিত্রে আরও আছে সজীবতা, কমনীয়তা, কোমলতা, মাধুর্য্য এবং সৌন্দর্য্য। তাঁর চিত্র বর্ত্তমান যুগের সঙ্গে তালে তালে পা ফেলে যায়। তাঁর চিত্রে বর্ত্তমানযুগের বাস্তবতাটা আমরা বিশেষভাবে দেখতে পাই।

ভারতের এই চিত্রশিল্পের আন্দোলনে দিন দিন হু হু ক'রে তাঁর শিষ্য এবং অনুকরণকারীর সংখ্যা বেড়ে চ'লেছে। তাঁর চিত্রাঙ্কণের ধারাও নূতনরূপ ধারণ ক'রে বাস্তবের

তালে পা ফেলে এনে দিচ্ছে ভারতবাসীর মনে ও প্রাণে এক নূতন অনুপ্রেরণা। যে সকল চিত্রশিল্পি এখন শিক্ষকরূপে নিযুক্ত তাঁহাদের অধিকাংশই তাঁহার শিষ্য। তাঁহারা যে-যে স্থানে আছেন প্রত্যেকে সেইস্থানে বিশেষ খ্যাতি ও সুনাম অর্জ্জন ক'রেছেন ও কর্‌ছেন। তাঁর শিষ্যবর্গের মধ্যে নন্দলাল বসুর নাম বিশেষ উল্লেখযোগ্য।

অবনীন্দ্রনাথের চিত্র আজ বিশ্বজনীন খ্যাতি অর্জ্জন ক'রেছে আজ শুধু ভারতের কেন সমগ্র পৃথিবীতে ভারতের আধুনিক চিত্রের স্থান অনেক উচ্চে এবং ইহার প্রভাব সমগ্র পৃথিবীতে অনুভূত হ'চ্ছে।

তাঁর 'ভারতমাতা', সাজাহানের মৃত্যু', 'যুদ্ধ ও সুজাতা', 'কচ ও দেবযানী', 'ওমর-খৈয়াম', 'সাজাহানের স্বপ্ন' প্রভৃতি যে সকল চিত্র শুদ্ধ ভারতবর্ষে নয়, এমনকি ভারতের বাহিরেও লোককে মুগ্ধ করেছে সেই রকম অনেকগুলির মাত্র কয়েকটী। তাঁর 'আলমগীর' অতি প্রিয় চিত্র। তাছাড়া আরও কতকগুলি চিত্র যথা 'কাজরী', 'শেষখেয়া' প্রভৃতির বিশেষ খ্যাতি অর্জ্জন করেছে—তা ছাড়া আরও কত শত চিত্র তিনি চিত্রিত করেছেন তার অন্ত নাই। আধুনিক চিত্রশিল্পে অবনীন্দ্রনাথের দান তাঁকে ভারতের ইতিহাসে যে চির অমর করে রাখবে তাতে কোন সন্দেহ নাই।

তাঁকে শ্রদ্ধা জানিয়ে আমরা প্রবন্ধ শেষ করলুম।

শ্রীঅমিয়মাধব মিত্র,
দ্বিতীয় বর্ষ, সাহিত্য।

কাঠের ঘোড়ার সওয়ার

[পূর্ব্বানুবৃত্তি]

শ্রীফুলরাণী ঘোষ

তিনিও তাদের অংশীদার হলেন। যখন জেতবার সম্ভাবনা বেশী, পল তখন লাইভলিস্পার্ক জিতবে বলে নিশ্চিত হ'য়ে রইল। পল লাইভলিস্পার্কের ওপরে এক হাজার পাউণ্ড বাজী রাখ্‌ল; বাসেট পাঁচশো, অন্যার মামা দুশো। লাইভ্‌লিস্পার্কই প্রথম হ'ল। এক পাউণ্ডে দশপাউণ্ড বাজী ছিল ব'লে পল দশহাজার পাউণ্ড জিত্‌ল এমনকি অন্যার মামাও দু'হাজার পেলেন।

'দেখ্‌লেন ত আমি ঠিক বলিনি যে লাইভলিস্পার্কই জিত্‌বে?' পল বল্‌লে।

'কিন্তু আমি ঠিক এরকম আশা করিনি। আমার ভয় হচ্ছে যে শেষ পর্য্যন্ত...' অন্যারমামা সংশয়পূর্ণ কণ্ঠে উত্তর করলেন।

'মিথ্যে ভয় পাচ্ছেন কেন? এমনও ত হ'তে পারে যে আমি আবার অনেকদিন নিশ্চিত জানতে পারবোনা।'

'আচ্ছা! এত টাকা দিয়ে তুমি কি করবে।' অন্যার মামা কথাটা ঘুরিয়ে দিলেন।

'টাকা অবিশ্যি আমি মায়ের জন্য জমাচ্ছি। না বলেছেন, তিনি ভাগ্যহীনা কারণ আমার বাবা সৌভাগ্যবান্ নন। যাক্ আমি অন্ততঃ নিজে সৌভাগ্যকে হাতের মুঠোয় করতে চাই যাতে ওদের ওসব চাপাস্বরের কাণাকাণি একেবারে থেমে যায়।'

'কাদের চাপাস্বরের কাণাকাণি?'

'কেন আপনি জানেন না? টাকা নেই, টাকা নেই, টাকা নেই, সে—ই এক কথা...' পল উত্তেজিত হয়ে উঠ্‌ল। 'জানেন না আপনি পাওনাদারেরা আমার মাকে কিরকম জ্বালাতন করে?'

'হ্যাঁ—তা আমি কিছু কিছু টের পেয়েছি।' অন্যার মামা দুঃখিত ভাবে বললেন।

'আর এ ছাড়াও অসাক্ষাতে, পেছন থেকে বিদ্রূপ করবার মহঃ ওদের কতো কাণাকাণি—উঃ! এ আর আমি সহ্য করতে পারি না। আমি মনে করেছিলাম যদি আমার ভাগ্য সুপ্রসন্ন হয় তা হলে...'

'তাহ'লে ত তুমি ঐসব কাণাকাণি থামিয়ে দিতে পার।' তার মামা কথাগুলি জুড়ে দিলেন। উত্তরে পল চুপ করে রইল। মুখে তার দৃঢ় প্রতিজ্ঞার চিহ্ন, চোখে তীব্র উজ্জ্বল দৃষ্টি।

'কিন্তু একটা কথা, মামাবাবু, আমি চাই না যে মা এসব জান্‌তে পারে। দোহাই আপনার, মাকে এবিষয়ে কিছু জানাবেন না।'

'কেন বলত ?'

"মা তা'হলে সব বন্ধ করে দেবে।'

'হুঁ, তা তোমার মা যদি সমস্ত জানতে পারেন তাহ'লে তোমার এ সৎ চেষ্টা তিনি কেন বন্ধ করে দেবেন ?'

'ও, সে আপনি জানেন না। না—না—মাকে আপনি কিছু বলতে পারবেন না। আমি চাইনা তাঁকে কিছু বলতে···।' বালকের মুখে যন্ত্রণার চিহ্ন পরিস্ফুট হয়ে উঠল।

'ছিঃ এরকম করছ কেন ? বেশত, আমি না হয় তাকে কিছু বলবো না।'

তারা তাকে কিছু জানতে না দিয়েই টাকার সুবন্দোবস্ত করল। অন্ধার মামা পলের কাছ থেকে পাঁচহাজার পাউণ্ডের নোট নিয়ে সেই টাকা তাদের উকিলের কাছে জমা রাখলেন এবং তাঁকে বলা হল যে তাদেরি কোন আত্মীয় পলের মাকে তাঁর জন্মদিনে পাঁচহাজার পাউণ্ড উপহার দিয়েছেন। তিনি এখন হতে পাঁচবৎসর পর্য্যন্ত প্রত্যেক জন্মদিনে একহাজার পাউণ্ডের একটি নোট উপহার পাবেন।

পলের মার জন্মদিন নভেম্বর মাসে। গত কয়েক মাস যাবৎ অর্থাভাব যেন ভাগ্যের ভ্রুকুটির সঙ্গে মিশে গিয়ে বাড়ীর চারদিকে তার কালোছায়া ফেলছিল। ভাগ্য পরিবর্ত্তন হওয়া সত্ত্বেও পল আর এই অভাবের সঙ্গে পাল্লা দিতে পারছিল না। জন্মদিনের উপহারের কি ফল হয়, সে তাই দেখবার জন্য ব্যগ্র হয়ে উঠেছিল।

তার মা প্রতিদিন সহরে যেতেন কাজের জন্য। তিনি শেষকালে আবিষ্কার করেছিলেন যে, তিনি বেশ নানারকমের পোষাকের নমুনা তৈরী করতে পারেন। তাই তাঁরি একটি চিত্রকর বন্ধুর দোকানে তিনি চাকরী নিয়েছিলেন। তাঁর বন্ধুটী খবরের কাগজে বড় বড় পোষাকের দোকানের বিজ্ঞাপনের জন্য ছবি আঁকতেন। এই তরুণী চিত্রকরটী এই ব্যবসায়ে বৎসরে কয়েক হাজার পাউণ্ড উপার্জ্জন করতেন, আর পলের মা মাত্র কয়েক শত পাউণ্ড পেতেন। এই জিনিষটাই তাঁকে সবচেয়ে মনঃপীড়া দিত কারণ তিনি চাইতেন সকল বিষয়ে শ্রেষ্ঠ হতে, তাই এই সকল ছোটখাট ব্যর্থতাও তাঁকে মর্ম্মান্তিক যন্ত্রণা দিত।

বাড়ীতে যেদিন কোন অতিথি থাকতো না পল সেদিন তার মা-বাবার সঙ্গে বসে আহার করতো। সেদিন পলের মার জন্মদিন। তিনি সকালে নীচে নেমে এলেন চা খেতে। উনি যখন উকিলের চিঠিখানা খুলে পড়ছিলেন, পল একাগ্র নয়নে তাঁকে দেখছিল। যতই তিনি চিঠিটা পড়ছিলেন ততই তাঁর মুখ ভাব শূন্য কঠিন হয়ে উঠছিল। অবশেষে তাঁর মুখে দৃঢ় প্রতিজ্ঞার ছায়া নেমে এল। তিনি একটিও কথা না বলে ঐ চিঠিখানা আলাদা করে রাখলেন।

'মা, চিঠিতে কি তোমার জন্য কোনও সু-খবর আসেনি ?' পল ব্যগ্রভাবে জিজ্ঞাসা করল।

'হ্যাঁ, এই একরকম।' তাঁর গলার স্বর গম্ভীর ও অন্যমনস্ক ভাব। তারপর আস্তে আস্তে তিনি উঠে চলে গেলেন।

বিকেলে অস্কার মামা এসে পলকে বললেন যে তার মা উকিলের সঙ্গে দেখা করেছেন এবং জিজ্ঞাসা করেছেন যে ঐ পাঁচহাজার পাউণ্ডই কি তিনি একসঙ্গে পেতে পারেন? কারণ তাঁর অনেক ঋণ শোধ করতে হবে। 'কি করা উচিত তাহলে?'

'পল বিষয়টা সম্পূর্ণ তোমার মতামতের উপরে নির্ভর করছে। তুমি জান কি করবে।'

'ওঃ তাহলে মাকে পেতে দিন সব টাকা একসঙ্গে। আমরা পরে আরো টাকা যোগাড় ক'রে নিতে পারবো।'

'তবে কথাটা কি জান—হাতের একটা পাখী ঝোপের ছুটোর সমান।'

'যাক্‌গে—আমি হয় গ্র্যাণ্ড ন্যাশনালে, নয় লিঙ্কোলেন সাযার কিম্বা ডারবীর একটা না একটায় জিতবোই। এ আপনি ঠিক জানবেন।'

অস্কার ক্রেসওয়েল চুক্তিপত্রে সই করে দিল এবং পলের মা একসঙ্গে পাঁচহাজার পাউণ্ড পেলেন। সারা বাড়ীতে একটা আনন্দের কলরব শোনা যেতে লাগল। নূতন নূতন গৃহসজ্জার আমদানী হোল। পলের জন্য এক গৃহ-শিক্ষক নিযুক্ত হলেন। এবং ঠিক হল যে আগামী শরৎকালে পল 'ইটন' স্কুলে পড়তে যাবে। পলের মার পোষাক পরিচ্ছদে এতদিনে একটু বিলাসিতার আভাস পাওয়া গেল। মনে হল এত দৈন্যের মধ্যেও এক ঝলক্ রৌদ্রের মতো ভাগ্যের একটু হাসি দেখা দিয়েছে।

তবুও লতা-গুল্মের পিছন থেকে, স্তবকে স্তবকে ফুটে উঠা মরশুমী ফুলের পিছন থেকে, রামধনু রংএর কুশনগুলির পিছন থেকে হঠাৎ যেন সেই অস্ফুট স্বর কথা ক'য়ে উঠ্‌তো,—সেই ক্ষুধার্ত্ত কান্না—'টাকা চাই, টাকা চাই, আরও অ—নে—ক টাকা চাই।' এবারে আরোও উচ্চ, আরো তীক্ষ্ণ স্বরে।

পল এবারে রীতিমত ভয় পেয়ে গেল। সে শিক্ষকের কাছে লাটিন্ আর গ্রীক্ পড়তো কিন্তু ওরই মধ্যে যতটুকু সময় করতে পারতো সেটুকু সে বাসেটের সঙ্গে কথা বলবার জন্যে মরিয়া হয়ে উঠত।

গ্র্যাণ্ড ন্যাশনাল হয়ে গেছে, কিন্তু পল তাতে একশ' পাউণ্ড হেরেছে কারণ সে ঠিক জানতে পারেনি। গ্রীষ্মকাল এসে পড়েছে। সে এবারে লিঙ্কোলিনের ফলাফল জানবার জন্যে ব্যগ্র ও উৎকণ্ঠিত হয়ে উঠেছে। কিন্তু এবারেও কে যে জিতবে তা সে জানতে পারেনি কাজেই এবারেও সে পঞ্চাশ পাউণ্ড হেরেছে। সে ক্রমশঃই এক অজানা আতঙ্কে অস্থির হয়ে উঠল। তার দুই চোখের দিকে আর চাওয়া যায়না। দেহও ক্রমশঃ ক্ষীণ হতে ক্ষীণতর হতে লাগল; মনে হয় তার মনের ভেতরে যেন প্রলয়ের ঝড় বয়ে যাচ্ছে।

'যাক্‌গে—যেতে দাও, ওসব ভেবে আর কি হবে?' অস্কার মামা বললেন কিন্তু পলকে দেখে মনে হল না যে সে কথা সে শুনেছে। সে মুষ্টি বদ্ধ করে ক্রমাগত এক কথাই উচ্চারণ করছে, 'ডার্বিতে কি হ'বে আমার জানা চাই-ই—চাই।' দুই চোখে উন্মত্তের মতো তার তীব্র দৃষ্টি।

পলের মা ক্রমেই পুত্রের স্বাস্থ্যনাশের জন্য উৎকণ্ঠিত হ'য়ে উঠলেন। তাঁর মন অশান্তিতে ছেয়ে গেল পলের জন্য। একদিন তাকে কাছে ডেকে এনে বললেন—'দেখ পল! তোমার শরীর বড় খারাপ হয়ে যাচ্ছে আমার মনে হয় বাইরে কোথাও সমুদ্রের তীরে কিছুদিনের জন্য তোমার গিয়ে থাকা উচিত। দেরী করা মোটেই ভাল হবে না।'

'উদ্বিগ্ন দৃষ্টিতে তিনি পলের দিকে তাকালেন। পল তার রহস্যময় নীল চোখ দুটী পরিপূর্ণ ভাবে তার মায়ের মুখের দিকে তুলে ধরল,—'মা! ডারবী শেষ না হবার আগে আমি বোধ হয় কোথাও যেতে পারব না।'

'কেন পারবেনা শুনি!' ইচ্ছায় বাধা পেয়ে তাঁর গলার স্বর গম্ভীর ও রুক্ষ হ'য়ে উঠল। 'কেন যাবেনা বলত? এই যদি তোমার ডারবী দেখবার মত, তবে তাওত তুমি তোমার মামার সঙ্গে সেখান হতেই দেখতে যেতে পারবে। এখানে থেকে মিছামিছি দেরী করার মানে কি? তা'ছাড়া আমি লক্ষ্য করে আসছি যে তুমি ঘোড়দৌড়ের বিষয় নিয়ে বড় বেশী মত্ত থাক। এ মোটেই ভাল লক্ষণ নয়। এমনিতেই আমাদের পরিবারের জুয়া খেলার জন্য দুর্নাম আছে। আমি চাই না যে তুমিও ঐ পথেই যাও। কিন্তু তোমারও দেখছি ঐ দিকেই ক্রমশঃ ঝোঁক যাচ্ছে। তুমি ছেলেমানুষ, তাই এখনও বুঝতে পার না যে জুয়া খেলায় কত ক্ষতি হয়। কারুর কারুর সমস্ত জীবন নষ্ট হয়ে যায়। সে যাই হোক্—যদি তুমি আমার কাছে প্রতিজ্ঞা না কর যে তুমি এই সমস্ত ব্যাপার নিয়ে নিজেকে আর কখনোও উত্তেজিত করবে না, তা' হলে আমি বাসেট্‌কে বরখাস্ত করব আর তোমার অঙ্কার মামাকে এ সমস্ত বিষয় তোমার কাছে আলোচনা করতে নিষেধ করে দেবো; বুঝেছ? তুমি যে এই সব খেলে খেলে নিজের শরীর কত নষ্ট করেছ তা তুমি নিজেও জাননা। তোমার শীগ্‌গিরই সমুদ্র-তীরে কোথাও যাওয়া উচিত।'

'মাগো! তোমার যা ইচ্ছে হয় তাই কোরো, শুধু ডারবী শেষ না হবার আগে আমায় অন্য কোথাও পাঠিও না।'

'কোথা থেকে তোমায় অন্য জায়গায় পাঠাবনা, এই বাড়ী থেকে?'

'হাঁ।'

'কি আশ্চর্য্য! হঠাৎ তোমার এবাড়ীর ওপরে এত টান হোল কেন। এ বাড়ীর ওপরে তোমার যে এত মায়া তা ত জানতাম না।'

সে নিরুত্তরে দাঁড়িয়ে রইল। রহস্যের আবরণে ঢাকা যে গোপন কথা তার মনে জাগ্‌ছে সে কথাত কাউকে বলা চলে না। এমন কি অঙ্কার মামাকেও না, বাসেটকেও না। তার মা কর্ত্তব্য নিরূপণ করতে না পেরে কতক্ষণ চুপ করে রইলেন পরে বিষাদ গম্ভীর গলায় বললেন, 'বেশ তাই হবে, হবে। যদি তুমি ডারবী না হওয়া পর্য্যন্ত অন্য কোথাও যেতে না চাও তবে যেও না, কিন্তু নিজেকে আর উত্তেজিত করবে না, এবং ঘোড়দৌড়ের হার-জিত নিয়ে অত ভাবলে না।'

'আচ্ছা—আচ্ছা! তুমি অত ব্যস্ত হোয়ো না। দেখো আমার শরীর মোটেই খারাপ হবে না। সত্যি মা। তুমি অত ভেবোনা।'

'মা জান্‌তে হলেই মঙ্গল।'

পলের জীবনের সবচেয়ে গোপনতম রহস্য তার সেই অনামী কাঠের ঘোড়া। বাল্যকালের গণ্ডী ছাড়ান পর্য্যন্ত পল ছাদের উপর একটি স্বতন্ত্র কক্ষে বাস করতো এবং তার ঘরের এক কোণায় সেই রং-ওঠা কাঠের ঘোড়াটী বাঁধা থাকতো। সকলে তার কাঠের ঘোড়ার ওপরে মায়া রেখে আশ্চর্য্য হয়ে যেত।

তার মা হয়ত বলতেন, 'পল! তুমি এত বড় ছেলে এখনও কাঠের ঘোড়ায় চড়ে বেড়াও কেন?'

'যতদিন সত্যিকারের একটা ঘোড়া না পাচ্ছি, ততদিন এইটা নিয়েই সখ মেটাতে হবে ত?'

'আচ্ছা ঐ ঘোড়াটায় চড়ে তুমি সত্যি সত্যি আনন্দ পাও?'

'নিশ্চয়! এর চেয়ে বেশী আনন্দ আমি আর কিছুতে পাইনা।'

ডারবী ক্রমশই এগিয়ে এল এবং সঙ্গে সঙ্গে পলও ক্রমশই অত্যধিক ভাবে উত্তেজিত হয়ে উঠতে লাগল। তার শরীর ক্রমেই শীর্ণ হতে লাগল এবং সর্ব্বদাই একটা আবেশের ভাব তার রহস্যময় চোখ দুটির ভিতর দিয়ে ফুটে বেরত।

তার মায়ের ভিতরেও হঠাৎ একটা পরিবর্ত্তন দেখা গেল। তিনি সর্ব্বদাই উৎকণ্ঠিত থাকতেন পলের জন্য, কি করলে তার মঙ্গল হবে, কিসে সে ভাল হবে এই তাঁর চিন্তার প্রধান বিষয় হয়ে দাঁড়াল। কখনো কখনো এমন হ'ত যে সেই উৎকণ্ঠা আস্তে আস্তে আশঙ্কায় পরিণত হ'ত। সমস্ত শরীরে তিনি এক অসহায় ব্যাকুলতা অনুভব করতেন, পলকে শান্তি দেবার জন্যে, তাকে চিন্তা-দানবের গ্রাস হ'তে বাঁচাবার জন্যে, তাকে নিরাপদ করার জন্যে!

ডারবীর দুদিন আগে। সেদিন রাত্রে পলের বাপ্-মা সহরে নিমন্ত্রণে গিয়েছিলেন। হঠাৎ পলের মার কিরকম যেন ভয় করতে লাগল পলের জন্য—যদি তার কোনও অনিষ্ট হয়—তাঁর ঐ অনেক আশার প্রথম সন্তান। উৎকণ্ঠায় তাঁর শ্বাস রুদ্ধ হয়ে আসতে লাগল। মনে মনে অত্যন্ত বিচলিত হলেও মুখে তিনি শান্তভাব বজায় রাখবার প্রাণপণ চেষ্টা করছিলেন। অবশেষে মাতৃস্নেহই জয়ী হল। নাচ-গান ছেড়ে তিনি নীচে ছুটে এসে বাড়ীতে পলের নার্সকে টেলিফোন করলেন। পল ওপরে ঘুমিয়েছে জানতে পেরে কতকটা তবু নিশ্চিন্ত হ'লেন।

...রাত্রি প্রায় একটা হলে তখন তাঁরা বাড়ীতে ফিরলেন। সব নিস্তব্ধ নিঝুম! পলের মা তাঁর ঘরে গিয়েই সাদা ফারের ক্লোকটা গা থেকে খুলে ফেললেন। কিছে অপেক্ষা করতে বারণ ক'রে তিনি চুপিচুপি ওপরে উঠে এলেন পলকে একবার দেখ্‌বার জন্যে!

ভয়ে, উদ্বেগে তাঁর সারা মুখ কালো হয়ে উঠেছে! নিঃশব্দে তিনি বারান্দা পার হয়ে এলেন! এঁা···ওটা কিসের শব্দ? তিনি নিঃশ্বাস বন্ধ করে শুনতে লাগলেন কিসের শব্দ এ! এক অজানা আশঙ্কায় তাঁর বুক কেঁপে উঠ্‌ল! মৃদু অথচ গম্ভীর সেই শব্দ যেন উদ্দামগতিতে সমস্ত ঘরে নৃত্য করে বেড়াচ্ছে?

হা ভগবান! কিসের এ শব্দ? সে জানতে চায়, সে জানতে চায়—সে ত জানে, সে ত জানে, তবে কি—তার আকাশ করবার শক্তি পর্য্যন্ত লোপ পেয়েছে?

নটরাজের তাণ্ডব নৃত্যের মতো সে শব্দ তালে তালে ঘরে নেচে চলেছে।··

ভয়ে কালো হয়ে গিয়ে তিনি আস্তে খুব আস্তে দোর খুলে ফেললেন।

সমস্ত ঘর অন্ধকারে ঢাকা, তবুও জানলার কাছে কিছু-যে একটা ঘুরে বেড়াচ্ছে তা বেশ বোঝা যায়।

হঠাৎ তিনি আলো জেলে দিলেন। সেই আলোর ঝলকে দেখা গেল, পল তার কাঠের ঘোড়ায় চড়ে তাকে উন্মত্তের মতো এদিক ওদিক চালাচ্ছে। তার পরণে সবুজ পায়জামা—দূরে দরজার কাছে তার মা চিত্রার্পিতের মতো দাঁড়িয়ে, তাঁর সুন্দর দেহেও সহজ আবরণ।

'পল! পল আমার! কি করছো তুমি?' তার মা ব্যথিত কণ্ঠে বলে উঠ্‌লেন।

'মালাবার! মালাবার!' অদ্ভুত তীক্ষ্ণ গলায় সে চীৎকার করে উঠল। তার দুই চোখ হীরার মত জ্বলছে। হঠাৎ চোখ দুটি বুজে এল, গতিও থেমে গেল। ছেলে পড়ার সঙ্গে চমকে গিয়ে তার মা দেখলেন, পল ঘোড়ার পিঠ থেকে গড়িয়ে পড়ে অজ্ঞান হ'য়ে গেছে। অতৃপ্ত মাতৃস্নেহের প্রবল বন্যা তার সমস্ত বোধশক্তিকে ভাসিয়ে নিয়ে গেল। ছুটে গিয়ে তিনি তাকে বুকে তুলে নিলেন।

পলের আর জ্ঞান হয়নি। অবস্থা শঙ্কাজনক হয়ে দাঁড়িয়েছে। অজ্ঞান হ'য়েই সে মাঝে মাঝে চীৎকার করে প্রলাপ বকছে—'হাঁ বাসেট্! কোন ভুল নেই—আমি জেনেছি, এবারে মালাবার, মালাবার।'

'ও কেন বারবার মালাবার ব'লে চীৎকার করছে? 'মালাবার' মানে কি?' পলের মা হতাশার সুরে পলের বাবাকে জিজ্ঞাসা করলেন।

'আমি জানি না।' পলের বাবা গম্ভীরভাবে উত্তর করলেন। তাতে সন্তুষ্ট না হয়ে তিনি একদিন তার ভাই অস্কারকে জিজ্ঞাসা করে জানতে পারলেন, 'মালাবার' ভারতীয় একটী প্রসিদ্ধ ঘোড়ার নাম।

বিশেষ ইচ্ছা না থাকলেও অস্কার বাসেটকে মালাবারের কথা বলল এবং মালাবারের উপরে এক হাজার টাকার বাজী রাখ্‌ল।

তৃতীয় দিন পলের অবস্থা খুবই আশঙ্কাজনক হ'য়ে উঠ্‌ল। তার মা দুঃখে, নৈরাশ্যে যেন পাথরের মতো হয়ে গেছেন। এক মুহূর্ত্তের জন্যও পলের জ্ঞান হয়নি এবং নিদ্রা এসেও বেচারাকে একটু শান্তি দেয়নি। ও অনবরত বিছানায় ছট্‌ফট্ করছে। বড় বড় ফোঁকড়া

চুলের থোকাগুলো বালিসের ওপরে ঝুলে পড়েছে—নীল চোখ দুটী দেখলে মনে হয় যেন উজ্জ্বল দুটী নীল পাথর।

ওর অস্থিরতা ক্রমশঃই বাড়ছে। সেদিন সন্ধ্যায় অস্কার মামা আর এলনা, কেবল বাসেট্ বলে পাঠাল যে, সে একবার পলের সঙ্গে দেখা করতে চায়। পলের মা এই অসম্ভব আবদারে প্রথমে খুবই ক্ষুব্ধ হ'লেন কিন্তু পরে তাকে এই ভেবে রোগীর কক্ষে আসতে অনুমতি দিলেন, যে হয়ত তাকে দেখ্‌লে পলের মোহের ভাব দূর হ'তে পারে।

বাসেট্ গা টিপেটিপে এসে পলের ঘরে ঢুকল, এবং তার টুপি নামিয়ে পলের মাকে অভিবাদন করল, তারপরে আস্তে আস্তে বিছানার কাছে গিয়ে চুপিচুপি বল্‌তে লাগল,—'মাষ্টার পল! মাষ্টার পল! একবার চোখ চেয়ে দেখ, তোমার কথাই ফলে গেছে, মালাবার প্রথম হয়েছে, তুমি সত্তর হাজার পাউণ্ড জিতেছ, তোমার আশী হাজার পাউণ্ডেরও বেশী হয়েছে! দেখ, মালাবারই জিতেছে।'

বেন চমক ভেঙ্গে পল চীৎকার করে উঠল—'এ্যাঁ, মালাবার? মালাবার? মালাবার জিতেছে? না! আমি মালাবারের কথা বলিনি তোমায়? এ্যাঁ, আমার কত টাকা হয়েছে? আশী হাজার্ পাউণ্ড? মা, মা—এইবারে আমি নিশ্চয়ই ভাগ্যবান বল্‌ব নিজেকে। মা আমি ভাগ্যবান্ নই? আমার আশী হাজার পাউণ্ড হয়েছে তবু তুমি আমায় ভাগ্যবান্ বলবে না? দেখ বাসেট, আমি ঠিক বলছি কি না। আমি জানি যে, আমি যদি আমার কাঠের ঘোড়া ঠিক মতো চালাতে পারি তা'হলে কে জিতবে তা আমি জান্‌তে পারবোই। ঠিক বলেছিলাম কি না যে আমি জিত্‌বোই। বাসেট, তুমি কত বাজী রেখেছিলে?'

'এক হাজার।'

'মা! মা! দেখ আমি তোমায় ঠিক বলেছিলাম কি না যে যদি আমি কাঠের ঘোড়ায় ঠিক মত চড়তে পারি তবে আমার বলা কখনও ভুল হ'বে না। দেখলেত মা জানতে পেরে আমি কেমন জিতে গেলুম। মা, তো—মা—য় আ—মি ব—লি—নি যে আমি খু—উ—ব ভাগ্যবান্?'

'না নাণিক! তুমি ত কিছু বলনি।'

...তার মা যখন সেই মৃতদেহ কোলে করে পাষাণ প্রতিমার ন্যায় বসেছিলেন, তখনও তাঁর কাণের কাছে বাজ্‌ছিল অস্কারের সেই কথা—'হেষ্টার বোন! কেঁদনা। দুঃখ করে লাভ কি? কতটুকু দুঃখই বা আমরা প্রকাশ করতে পারি? আশী হাজার পাউণ্ড সে তোমার জন্য প্রাণ দিয়ে উপার্জ্জন ক'রে গেছে। সে এই জন্যই এসেছিল হয়ত...আর দরকার নেই বলে সে চলে গেছে। কে জানে, হয়ত সে আবার তার কাঠের ঘোড়ায় চড়ে ভাগ্যের অন্বেষণে জয়যাত্রায় বেরিয়ে পড়েছে।

—শেষ—

শ্রীদুলারাণি ঘোষ, চতুর্থ বর্ষ, সাহিত্য।

পাগল

[মোপাসাঁর অনুবাদ]

শ্রীশিশিরকণা চট্টোপাধ্যায়

তিনি মারা গেলেন—একজন হাইকোর্টের জজ্, যাঁর অকলঙ্ক চরিত্রের কাছে ফ্রান্সের সমস্ত বিচারালয় সসম্ভ্রমে মাথা নোওাত। ব্যারিষ্টার, পিউনিজ্, ও অন্যান্য সকেরা তাঁর প্রভুত্বব্যঞ্জক মূর্তি এবং উজ্জ্বল চক্ষু দুটির সামনে মাথা নীচু কর'ত।

সমস্ত জীবন তাঁর কাটলো অপরাধীকে সাজা দিতে ও দুর্বলকে রক্ষা করতে। হত্যাকারী ও দস্যুদের পক্ষে তাঁর চাইতে বড় শত্রু আর কেউ ছিল না,—কেন না তিনি তাদের অন্তরের গোপন-ব্যথা, গূঢ়তম কথাটিও বুঝতে পারতেন আর একবার দেখেই বলতে পারতেন যে তারা মনে মনে কি মতলব আঁটছে!

মারা যাওয়ার সময় তাঁর বয়স হয়েছিল বিরাশী বছর। মারা যাওয়ার পর তিনি পেয়েছিলেন সমস্ত লোকের শ্রদ্ধা আর সবাই জানিয়েছিল তা'দের আন্তরিক দুঃখ।

তারপর—পাওয়া গেল তাঁর দরকারী কাগজপত্রের দেরাজ থেকে অদ্ভুত এক দলীল। তার ওপরে লেখা : কেন?

সাগ্রহে সবাই পড়তে লাগলো :

২৩শে জুন, ১৮৫১।

এইমাত্র কোর্ট থেকে এলুম। আজ ব্লনডেল্‌কে দিয়েছি মৃত্যুদণ্ড। কেন এই লোকটা তার পাঁচটা ছেলেমেয়েকে খুন করতে গেল? কেন? মাঝে মাঝে আমাদের চোখে পড়ে—এক একটা লোক, যে অন্যের জীবন গ্রহণ করতে পায় প্রচুর আনন্দ। পায়, নিশ্চয়ই পায়—কেন ধ্বংস করাও কি সৃষ্টি করার মতনই নয়? সৃষ্টি—ধ্বংস। এই দুটি কথার মধ্যে আছে পৃথিবীর ইতিহাস, আমরা যা কিছু দেখতে পাই তার ইতিহাস, সব কিছুর ইতিহাস!···ধ্বংস করার মধ্যে এত উন্মাদনা আসে কোত্থেকে?

২৫শে জুন।

আচ্ছা ভাবতে দাও—একটা প্রাণীর মধ্যে, যে ভালবাসে, ছোটে, দৌড়ায় তার মধ্যে জীবন বলে আছে একটা জিনিষ। জীবন কী? এটা হচ্ছে তাই যার মধ্যে গতি আছে আর আছে মন, যা নিয়ন্ত্রিত করে গতিকে। এই যে মানুষ—এর কারুর সঙ্গে সম্বন্ধ নেই। এর পায়ের সঙ্গে পৃথিবীর কোনো সম্বন্ধই নেই। এ একটা জীবনরূপ অঙ্কুর—পৃথিবীর বুকে বেড়াচ্ছে ঘুরে; আর, এটা আসছে কোথা থেকে তা জানিনা, তবে জানি যে এটাকে ইচ্ছামত ধ্বংস করা যায়। তারপর আর নেই কিছুই। শুধু সমাপ্তি—শুধু ধ্বংস!

২৬শে জুন।

তাহলে খুন করা অপরাধ কেন? সত্যিই ত'—কেন? বরং এটা প্রকৃতির নিয়ম? প্রত্যেক জীবনের উদ্দেশ্য হত্যা—ধ্বংস—, সে নিজে বেঁচে থাকবার জন্যে করে হত্যা—আর করে হত্যা করবার জন্যেই। ধ্বংস করা আমাদের স্বভাব, ধ্বংস আমরা করবোই। পশুরা সর্ব্বদা—প্রত্যহ—জীবনের প্রতিমুহূর্ত্তে হত্যা করছে। মানুষ হত্যা করছে সর্ব্বদা নিজেকে খাওয়াবার জন্যে—আর সময়ে সময়ে আনন্দের জন্যেই হত্যা করা দরকার, তাই সে আবিষ্কার করেছে তার 'খেলা'! শিশু হত্যা করে কীটকে, ছোট পাখীদের, ছোট ছোট জন্তুদের যা' তার সামনে পড়ে। কিন্তু আমাদের মধ্যে যে সর্ব্ব-ধ্বংসকারী প্রবৃত্তি রয়েছে তা এতে তৃপ্ত হয় না। পশু হত্যা করেও হ'তে চায়না সে শান্ত—চায় হত্যা করতে মানুষকে। আগে মানুষ মানুষকে বলি দিয়ে পেত তৃপ্তি। কিন্তু আজকাল জনসাধারণের সুবিধার জন্যে হত্যা অপরাধ। আমরা একে বলি অপরাধ আর শাস্তি দিই অপরাধীকে। কিন্তু আমরা হত্যা না করে থাকতে পারি না—সেইজন্যেই মানুষ যুদ্ধ করে তার বাসনা পরিতৃপ্তির জন্যে, আর যুদ্ধে একটা জাতি আর একটা জাতিকে হত্যা করে নিঃশেষে। রক্তের সঙ্গে ব্যাভিচারের নাম যুদ্ধ—এতে সৈন্যরা পায় তৃপ্তি, খালি এরাই নয়, সাধারণ লোকেরা, ছোট ছেলেমেয়েরা, স্ত্রীলোকেরা পর্য্যন্ত প্রত্যহ সন্ধ্যার আলোর নীচে বসে ধ্বংসলীলার বিবরণ পড়তে পড়তে হ'য়ে ওঠে পাগল!

আমরা হয়ত ভাববো যারা এই ভয়াবহ মানুষ-হত্যা-ব্রত নিয়েছে তারা শাস্তি পাবে। না—তারা ভূষিত হবে প্রচুর সম্মানে এবং হচ্ছেও তাই। তারা পরছে সোণালি চকচকে পোষাক, মাথায় টুপিতে লাগাচ্ছে পালক আর তাদের দেওয়া হচ্ছে ক্রশ, পুরস্কার, সম্মান এমনি আরও কত কি। তারা সম্মানিত হচ্ছে সর্ব্বত্র, হাততালি পাচ্ছে জনতার—কেননা তাদের উদ্দেশ্য মানুষের রক্তপাত করা। যখন তারা রাস্তা দিয়ে মানুষের মারণ-অস্ত্র টেনে নিয়ে যায় তখন পথিকরা চেয়ে থাকে তাদের দিকে ঈর্ষ্যা কাতর চোখে। কেননা এই যে ধ্বংসকারী মন্ত্র—প্রকৃতির দান—সর্ব্বদা উত্তেজিত করছে আমাদের। ধ্বংস করার চেয়ে সুন্দর মহান আর কিছু নেই!

৩০শে জুন।

হত্যা করাই ধর্ম্ম—কেননা প্রকৃতি ভালবাসে নূতনত্ব। তার সমস্ত কাজের মাঝ থেকে সে যেন বলছে চেঁচিয়ে তাড়াতাড়ি—তাড়াতাড়ি। সে ধ্বংস যেমন ক'রে করে—সৃষ্টিও ক'রে যায় তেমনি ক'রে।

২রা জুলাই।

জীবন? জীবন আবার কি?—সমস্ত, আর "কিছুই না"। মনের মাঝে, বিজ্ঞানের জগতে, জীবন পৃথিবীর ক্ষুদ্র প্রতিকৃতি, যার কথা এ নিজের মধ্যেই আছে নিয়ে। সব জিনিষের দর্পণ, সব কাজের দর্পণ হ'য়ে এ এই বিরাট বিশ্বের মাঝে একটি ক্ষুদ্র বিশ্ব।

কিন্তু বাইরে বেরোও—সব মানুষের দিকে চেয়ে দেখো, দেখবে যে মানুষ কিছুই না—বর্ত্তমানেরও না, ভবিষ্যতেরও নয়। একটা খুব দ্রুতগামী রেলে চড়ে সমস্ত ইউরোপ ঘুরে এসো—জানলা দিয়ে বাইরে দেখো—মানুষ, মানুষ, চারদিকে মানুষ, অসংখ্য, মাঠ ছেয়ে আছে মানুষে, রাস্তা ভর্ত্তি হয়ে আছে মানুষে। দেখবে বোকা চাষার দল—মাটি চষা ছাড়া জানেনা আর কিছুই করতে। আর দেখবে কুৎসিৎ মেয়েমানুষের দল—খাবার আর ছেলেমেয়ে তৈরী ছাড়া আর জানেনা কিছুই করতে। ভারতবর্ষে যাও, চীনে যাও—দেখতে পাবে হাজার হাজার প্রাণী—যা'রা জন্মায় মরবারই জন্য, আর মরলে যার থাকে না কোনো চিহ্ন, পদদলিত পিঁপড়েরই মত। যাও কৃষ্ণবর্ণ লোকদের দেশে, যাও শ্বেতবর্ণ লোকের দেশে—দেখতে পাবে, বুঝতে পারবে একটা মানুষ নয় কিছুই—তার সমস্ত জাতটাই সব। আর যারা জ্ঞানী তাঁরা মরণকে আমোলই দিতে চান না। মানুষ হত্যা ক'রছে তার শত্রুকে—হচ্ছে যুদ্ধ!

বেশত, পৃথিবীটা ঘুরে এসো, দেখে এসো মানুষের দলকে—দেখবে তারা কিছুই নয়। হত্যা করা অপরাধ, কেননা মানুষকে আমরা রাখি গুনে। তারা যখন জন্মায় তখন তাদের হয় নামকরণ আর সেই নাম লেখা থাকে খাতায়। আইন করে তাদের দেখাশোনা—আচ্ছা তাই না হয় হোল! তারপর যার নাম লেখা নেই খাতায় তার কোনো দামই নেই—তাকে হত্যা করো—মরুভূমিতে, পাহাড়ে, পর্ব্বতে। তাতে আসে যায় না কিছুই, প্রকৃতি চায় হত্যা—তার জন্যে সে দেবে না কোনো শাস্তি।

ষ্টেট্ নিজে হত্যা করতে পারে—কেননা সে সমাজের বিধান দিতে পারে উল্টে। যখন সে যুদ্ধে হত্যা করে হাজার হাজার লোককে—তাদের মুছে ফেলে পৃথিবীর বুক থেকে, তখন হয় না কিছুই। কিন্তু আমরা ত' আর টাউন হলের বিধান দিতে পারবো না উল্টে—সেইজন্যে মানুষের জীবনকে সম্মান করতে আমরা বাধ্য। জনসমাজ, ঈশ্বর, মন্দিরের বিধান—তোমাদের নমস্কার। তোমরা প্রকৃতির চেয়েও বড়; বাঃ চমৎকার!

৩রা জুলাই।

হত্যায় আছে নিশ্চয়ই অপার আনন্দ। ঐযে সামনে দাঁড়িয়ে আছে জীবিত চিন্তাশীল মানুষ—তার বুকে করে দাও ছোট্ট একটা ফুটো—ছোট্ট খুব ছোট্ট—দেখতে পাবে টক্‌টকে লাল তরল একটা পদার্থ পড়ছে তা' থেকে উপছে—এর নাম আমরা দিয়েছি রক্ত আর এতেই নাকি মানুষের জীবন—আর তারপর দেখবে তোমার সামনে পড়ে আছে একতাল মাংস, যার না আছে জীবন, না আছে কোনো ভাবনা।

৫ই আগষ্ট।

আমি আমার সমস্ত জীবন কাটিয়েছি বিচারের কাজে আর অপরাধীকে শাস্তি দিয়ে—আমার একটা কথায় মানুষের জীবন হয়েছে শেষ। আমিও যদি সাধারণ হত্যাকারীর মতন খুন করে থাকি, তাহলে কেই বা জানতে পারবে আর কেই বা তা করবে বিশ্বাস।

১০ই আগষ্ট।

কে পারবে জানতে? আমাকে সন্দেহ করবে কে যদি আমি একজনকে খুন করি, যার মৃত্যুতে আমার আসে যায় না কিছুই।

১৫ই আগষ্ট।

প্রলোভন—হ্যাঁ, প্রলোভন এসেছে আমার ভেতরে। আমার সমস্ত দেহের মধ্যে আমি অনুভব করছি এর অস্তিত্ব। আর অনুভব করছি আমার মনে—যা খালি ভাবছে একটা কথা: 'হত্যা', আর করছি আমার চোখে—যারা রক্ত দেখবার জন্যে পাগল, আর করছি আমার কানে—যেখানে অহোরাত্র মানুষের শেষ চীৎকারের একটা অদ্ভুত, মর্মস্পর্শী শব্দ এসে পৌঁচোচ্ছে, আর করছি আমার পায়ে—যারা সেই জায়গায় যাবার জন্যে অতিমাত্রায় ব্যস্ত, আর অনুভব করছি আমার হাতে যারা হত্যা করবার জন্য উন্মাদ!

২২শে আগষ্ট।

আর আমি থাকতে পারছি না। আমি হত্যা করেছি একটা ছোট প্রাণীকে প্রথমবারের মত।

আমি হত্যা করলুম আমার চাকরের পোষা ছোট পাখীটাকে, যখন সে অনুপস্থিত ছিল আমারই এক কাজে। দেখলুম তার স্বচ্ছ, লাল রক্ত—কি সুন্দর দেখতে এই তাজা লাল জিনিষটা। রক্তটা খেতে ইচ্ছে হোল—জিবের ডগাটা ভিজিয়ে নিলুম তার রক্তে—আঃ। কিন্তু আহা বেচারা—বেশী রক্ত ত তার নেই!

তারপর নিজের হাতে রচনা করলুম তার শয্যা আমারই বাগানের একটা গাছের নীচে। চাকরটা ফিরে এসে কাঁদতে লাগল—ভাবলে পাখীটা গেছে উড়ে। আমাকে কি করেই বা সে করবে সন্দেহ? হা—হা—হা!

২৫শে আগষ্ট।

এইবার একটা মানুষকে খুন করতে হবে,—নিশ্চয়ই!

৩০শে আগষ্ট।

এইত হোল। এইত বেশ সোজা কাজ। সেদিন বেড়াতে গিয়েছিলুম বোয়া ও ভেয়ার্নের দিকে। মনটা ছিল ফাঁকা—ভাবছিলুম না কোনো কথাই। দেখতে পেলুম ছোট্ট একটি ছেলেকে রাস্তার ধারে—সে খাচ্ছিল একটুকরো রুটি। আমাকে দেখে দাঁড়িয়ে উঠে বললে—

—নমস্কার মঁশিয়ে।

হঠাৎ মনে হোল, আচ্ছা যদি একে খুন করি?

বললুম: তুমি এখানে একলা আছ?

—হ্যাঁ মঁশিয়ে,—সে বললে।

খুন করবার নেশা আমায় বসল পেয়ে—আমি হঠাৎ তার গলা ধরলুম টিপে। তারপর আমার সমস্ত জোর দিয়ে মোচড়াতে লাগলুম তার গলা। সে আমার দিকে চেয়ে রইল ভীত নেত্রে। কি সে চোখের চেহারা—স্বচ্ছ, গভীর, ভয়ঙ্কর। এরকম উন্মাদনা কখনও অনুভব করিনি এ জীবনে···কিন্তু কতক্ষণ। তার দেহটা একবার থরথর করে কেঁপে উঠল—ব্যস্ আর না।

আমার বুক উঠল কেঁপে। দেহটাকে তার দিলুম ফেলে একটা গর্ত্তে আর চাপা দিলুম সেটাকে ঘাস দিয়ে।

বাড়ী ফিরে গেলুম—কোনো ভাবনা নেই, কী আর এমন হয়েছে?

তারপর সন্ধ্যেটা কাটলো বেশ আরামে। বেড়াতে গেলুম ক্লাবে—সেদিন সেখানে তারা আমাকে খুব আনন্দিত দেখেছিলো।

কিন্তু রক্ত আমি এখনও দেখিনি!

৩১শে আগষ্ট।

মৃতদেহটা পাওয়া গেছে—কিন্তু প্রমাণ পাওয়া যাচ্ছে না কিছুই। তারা অনুসন্ধান করছে হত্যাকারীর—হা—হা—হা!

২রা সেপ্টেম্বর।

তার মা বাপ এসেছিলো আমার সঙ্গে দেখা করতে—তারা কাঁদতে লাগল,—হা—হা—হা!

৬ই অক্টোবর।

তারা আবিষ্কার করতে পারেনি কিছুই—ভাবছে যে কোনো একটা হতভাগা ভবঘুরের এই কাজ। যাঃ—বেশ। তবে শুধু যদি দেখতে পেতুম একটু রক্ত, তাহলে একটু স্থির হতে পারতুম।

১০ই অক্টোবর।

খুন করবার প্রবৃত্তিটা এখনও আমার মধ্যে খুবই প্রবল।

২০শে অক্টোবর।

তারপর আর একটা। নদীর ধারে বেড়াচ্ছিলুম,—দেখতে পেলুম একটা ঘুমন্ত জেলেকে। তখন দুপুরবেলা। কিছু দূরেই দেখতে পেলুম রয়েছে একটা কোদাল।

আমিও ফিরলুম,- কোদালটা নিলুম তুলে। তারপরেই একটা কোপ—আর তাতেই তার মাথাটা শরীর থেকে গেলো আলাদা হ'য়ে। তারপর পড়তে লাগল রক্ত—লাল রক্ত কী সুন্দর, কী লাল, কী চমৎকার! গড়িয়ে গিয়ে পড়তে লাগল নদীর জলে—খুব আস্তে। গম্ভীরভাবে বাড়ীর দিকে যেতে লাগলুম। যদি কেউ আমায় দেখে ফেলে থাকে,—হা—হা—হা! কি চমৎকারই হ'তো—আমি হ'তুম একজন খুনী।

২৫শে অক্টোবর।

এই ব্যাপারটায় এখানে সবাই খুব চঞ্চল হ'য়ে উঠেছে। যে লোকটা খুন হয়েছে তার ভাইপোকে সবাই ধরেছে।

২৬শে অক্টোবর।

ম্যাজিষ্ট্রেটের বিচারে ভাইপো দোষী সাব্যস্ত হয়েছে—সহরের সবাই তা করছে বিশ্বাস, —হা—হা—হা!

২৪শে জানুয়ারী।

তার বিচার শেষ পর্য্যন্ত আমাকেই করতে হ'লো। মৃত্যু—মৃত্যু—মৃত্যু। আমি দিয়েছি তার মৃত্যুদণ্ড! বাঃ,—বেশ। আর একটা খুন। দেখতে যাবো তার সমাপ্তি।

২০শে মার্চ্চ।

সবশেষ হ'য়ে গেলো—আজ সকালেই হ'লো তার শেষ। চমৎকার—চমৎকার ভাবে হ'লো তার পরিসমাপ্তি। আমি পেলুম খুব আনন্দ। কি সুন্দর এই দৃশ্য :—রক্তের স্রোত বাচ্ছে বয়ে—কি স্বচ্ছ, কি সুন্দর। আঃ—যদি পারতুম এতে স্নান করতুম—আমার মাথা, চুল, মুখ হ'য়ে যেতো লাল টকটকে—লাল শুধু লাল—ভীষণ চমৎকার। লোকে যদি খালি বুঝত।

আচ্ছা এইবার দেরী করি—দেখি কি এসে পড়ে আমার সামনে।

কাগজ ছিলো আরো অনেকগুলো, কিন্তু তাতে নতুন কোনো অপরাধের কথা ছিল না।

বিশেষজ্ঞরা মত দিলেন যে পৃথিবীতে এ-রকম পাগল আছে অনেক, যাদের কেউ জানে না—কিন্তু তারা ভয়ঙ্কর আর ভীষণ চতুর এই অদ্ভুত পাগলেরই মতো।

শ্রীশিশিরকণা চট্টোপাধ্যায়,
দ্বিতীয় বর্ষ, সাহিত্য।

আগামী শারদীয়া সংখ্যার জন্য
বিবিধ রচনার অবিলম্বে প্রয়োজন।

Printed and Published by Mr. J. N. Chakraborty of 9, Russa Road
from Bhowanipore Press, 39, Asutosh Mukherjee Road, and
Bartabaha Press, 76, Kanshariparа Road,
Bhowanipore, Calcutta.

ASUTOSH COLLEGE
ESTD. 1916
LIBRARY